পশ্চিমবঙ্গে উদ্বাস্তু উপনিবেশ



অনিল সিংহ

ভূমিকা

পুনর্বাসন সংগ্রামকে আরও সুসংগঠিত এবং শক্তিশালী করার প্রয়োজনেই এই বইখানি। ১৯৭৯ সালে "পশ্চিমবঙ্গের জবর-দখল উদ্বাস্তু উপনিবেশ'' প্রকাশিত হয় একই উদ্দেশ্য নিয়ে। সেই উদ্দেশ্য বহুল পরিমাণে সার্থক হ'য়েছে। জবর-দখল কলোনীগুলির স্থায়ী ভিত্তি রচনা এবং তৎকালীন অ-নন্মোদিত কলোনীসমূহ স্বীকৃতির বিষয় সংক্রান্ত প্রস্তাবগুলি বাস্তব রূপ নিয়েছে।

বর্তমানে আরও বহু নতুন সমস্যা দেখা দিয়েছে। পুনর্বাসন সংগ্রামকে এই কারণে শক্তিশালী করা একান্তভাবে অপরিহার্য কর্তব্যে পরিণত। কিন্তু নতুন প্রজন্ম অতীত ইতিহাসের সংগে সুপরিচিত নন। তাদের সক্রিয় ভূমিকার প্রয়োজনে অতীত ইতিহাসকে তুলে ধরা উচিত। এই পুস্তিকায় বীজ আকারে অতি সংক্ষেপে পুনর্বাসন সংগ্রামের ইতিহাস সম্পর্কে একটি রূপরেখা উপস্থিত করার চেষ্টা আছে। সেই সঙ্গে পুনর্বাসন আন্দোলনের বিষয়ে কতকগুলি রাজনৈতিক ও সংগ্রাম পদ্ধতি প্রসঙ্গে তত্বগত প্রশ্ন আলোচিত হ'য়েছে। এ বিষয়ে পাঠকদের সমালোচনাকে পূর্বেই অভ্যর্থনা জানিয়ে রাখছি।

সংকলন, মুদ্রণ ও প্রকাশনার ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি কিছু আছে। পাঠকেরা নির্দিষ্ট করে দিলে সেগুলি পরবর্তী সংস্করণে সংশোধন করার প্রতিশ্রুতি দিচ্ছি।

বইখানি প্রস্তুতিতে অনেকের সাহায্য পেয়েছি। বিশেষ ক'রে কারও নাম উল্লেখ করা সমীচীন হবে না। তাই সকলের কাছেই কৃতজ্ঞতা জানাচ্ছি।

ইতি

অনিল সিংহ

১৭ই সেপ্টেম্বর—১৯৯৫ সাল।

" মহাভারতের কথা অমৃতসমান "

মহাভারতের কাহিনীতে আছে। কুরুক্ষেত্র যুদ্ধ প্রস্তুতির শেষ পর্যায়ে শান্তির দৌত্য নিয়ে শ্রীকৃষ্ণ কৌরব রাজসভায় আবেদন করেছিলেন— "সর্বহারা পাণ্ডবদের শুধু পাঁচটি গ্রাম দান করুন। তারা এতেই সংতুষ্ট থাকবে। ভয়াবহ কুলক্ষয়ী যুদ্ধ বন্ধ করার এই প্রস্তাব গ্রহণ ক'রে আপনারা শান্তি প্রতিষ্ঠায় উদ্যোগী হন।" প্রস্তাবটি সম্পূর্ণ অগ্রাহ্য হয়। কুরুরাজ দুর্যোধন ঘোষণা করেন—"বিনা যুদ্ধে নাহি দিব সূচ্যগ্র মেদিনী।" তারপর সুরু হয় কুরুক্ষেত্রের মহাযুদ্ধ।

পূর্ব বাংলার শরণার্থীরা ভারত-বিজয় ক'রতে এদেশে আসেননি। এসেছেন রিক্ত নিঃস্ব উৎপীড়িত অবস্থায় আশ্রয়প্রার্থী হিসাবে। চেয়েছেন একটু মাথাগোঁজার মত ঠাঁই আর বেঁচে থাকার মত রুজি-রোজগারের একটু সুযোগের ব্যবস্থাপনা। ভাগ্যে জুটেছে প্রত্যাখ্যান।

১৯৪৮ সালের জয়পুর কংগ্রেস অধিবেশনে এই আবেদন নিয়ে বাস্তুহারা কর্মপরিষদের পক্ষ থেকে শ্রী অমৃত লাল চ্যাটার্জীর নেতৃত্বে শ্রীমহাদেব ভট্টাচার্য, শ্রীনগেন্দ্র নাথ দাস প্রমুখ উদ্বাস্তু প্রতিনিধিরা গেলেন পণ্ডিত জওহরলাল নেহেরুর সংগে আলোচনার জন্য। পণ্ডিতজী সাফ বলে দিলেন—"তোমরা বিদেশী। সুতরাং কংগ্রেসের বিদেশ দপ্তরের সংগে দেখা করো।" মোহভঙ্গ হ'ল উদ্বাস্তু নেতৃত্বের। উপলব্ধি করলেন যুদ্ধ ছাড়া পুনর্বাসন অসম্ভব।

সুরু হোলো যুদ্ধ। জমি দখল, ক্যাম্পের আন্দোলন। দাবী প্রতিষ্ঠার জন্য রাস্তায় রাস্তায় মিছিল। পুলিশের সংগে মুকাবিলা। সরকারী অফিস ঘেরাও ইত্যাদি। এই যুদ্ধ আজও চলছে।

প্রায় অর্ধশতাব্দীব্যাপী চলছে পূর্ববাংলার শরণার্থীদের আত্মপ্রতিষ্ঠার মহান সংগ্রাম। সাফল্যের সংগে তিলে তিলে তাঁরা এগিয়ে চলেছেন। কবে শেষ হবে কে জানে!

মহাকাব্যের যুগ অতীত। বেদব্যাসেরাও নতুন করে জন্ম নিচ্ছেন না। পূর্ববাংলার লক্ষ লক্ষ শরণার্থীদের সংগ্রামের বিস্তৃত কাহিনী লিপিবদ্ধ করার লোক নেই। অতি সংক্ষিপ্ত একটি রূপরেখা উপস্থিত করছি এই আশা নিয়ে যে এই বীজ একদিন হয়তো মহীরূহে পরিণত হবে।

অঙ্গীকার

পূর্ববাংলার সাধারণ মানুষের কাছে দেশবিভাগের বিষয়ে মতামত কেউ চায়নি। আপোষের পথে বৃটিশ সাম্রাজ্যবাদের কাছ থেকে দ্রুত ক্ষমতা-লাভের লোভে কংগ্রেস দেশটিকে দ্বিখণ্ডিত করার একক সিদ্ধান্ত গ্রহণ করে। ১৯৪৬ সালের ৩১শে ডিসেম্বর বঙ্গীয় প্রদেশিক কংগ্রেস কমিটি বাংলা প্রদেশকে দ্বিখণ্ডিত করার পরিকল্পনা অনুমোদন করে এবং কেন্দ্রীয় কংগ্রেস কমিটির কাছে সিদ্ধান্ত পেশ করে। শরৎচন্দ্র বসু ও সারওয়ার্দি রচিত "ঐক্যবদ্ধ স্বাধীন স্বশাসিত বঙ্গদেশের" প্রস্তাবকে নাকচ করার উদ্দেশ্যে প্রদেশ কংগ্রেস পুনরায় ১৯৪৭ সালের ৪ঠা এপ্রিল সিদ্ধান্ত গ্রহণ করে যে, "খণ্ডিত বাংলাপ্রদেশই ভারতীয় ইউনিয়নের অন্তর্ভুক্ত একটি রাজ্য হিসাবে অবস্থান করবে।"

খণ্ডিত পূর্ববাংলার সংখ্যালঘু হিন্দুদের কাছ থেকে এই সিদ্ধান্তের বিরোধিতাকে শান্ত করার উদ্দেশ্যে এরপর সুরু হয় সান্ত্বনা ও প্রতিশ্রুতির বহর।

গান্ধীজী

"কল্পনায় বা বাস্তবে আতংকগ্রস্ত হ'য়ে যে সকল হিন্দু তাদের গৃহে থাকতে পারবে না, তাদের একটি সমস্যা আছে। তাদের কাজকর্ম বা গতিবিধিতে যদি বাধা সৃষ্টি করা হয়, বা নিজেদের প্রদেশে যদি তাদের

সংগে বিদেশীদের মত আচরণ করা হয়, তা'হলে তারা সেখানে থাকতে পারবে না। সেক্ষেত্রে ভারতীয় রাষ্ট্রের সংশ্লিষ্ট প্রদেশের নিশ্চিত কর্তব্য হবে, এই সমস্ত উদ্বাস্তুদের দুহাত বাড়িয়ে গ্রহণ করা এবং সকল প্রকার যুক্তিসংগত সুযোগ সুবিধা দেওয়া। তাদের অনুভব করাতে হবে যে তারা অপরিচিত দেশে আসেনি।"

[১৯৪৭ সালের ১৬ই জুন দিল্লীতে প্রার্থনা সভায় গান্ধীজীর ভাষণ— এসোসিয়েটেড প্রেস অব ইণ্ডিয়া, ১৭ই জুলাই।]

আন্তরিকতায়-ভরা দ্ব্যর্থহীন ভাষায় দুর্ভাগ্যপীড়িত শরণার্থীদের "দুহাত বাড়িয়ে আশ্রয়" দিয়ে "সকল প্রকার যুক্তিসংগত সুযোগ সুবিধা'' দেবার আবেদন জানিয়েছিলেন গান্ধীজী।

জওহরলাল নেহেরু

কিছুদিন পরেই পণ্ডিত জওহরলাল নেহেরু কূটনীতিকের ভাষায় বললেন—"পূর্ববংগে যারা বিপন্ন হবে, তাদের প্রতি আমাদের কর্তব্য হবে তাদের নিজের দেশেই তাদের রক্ষার ব্যবস্থা করা। আর যদি উপায় না থাকে এবং বিশেষ অবস্থায় প্রয়োজন হ'য়ে পড়ে, আমাদের নিজেদের দেশে তাদের আশ্রয় দেওয়া।"

নেহেরুজী প্রচ্ছন্নভাবে পূর্ববাংলার শরণার্থীদের "বিদেশী" আখ্যা দিয়েছেন একেবারে সুরু থেকেই। তাদের নিজেদের দেশেই বরাবর তাদের রক্ষা করার আশ্বাস দিয়েছেন—যদিও তার জানা ছিল, অন্যরাষ্ট্রের আভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করা যায় না। তবে শেষ পর্যন্ত প্রয়োজন হ'লে তাদের (নেহেরুজীদের) "নিজেদের দেশে" আশ্রয় দেবার প্রতিশ্রুতি দিয়েছিলেন। হায় ভগবান! কংগ্রেসের দৌলতে আমরা উদ্বাস্তুরা "নিজ দেশে'' "বিদেশী" সাব্যস্ত হয়ে গেলাম!

আর এটি বিশেষভাবে দ্রষ্টব্য যে, পণ্ডিত নেহেরু এই কথাগুলি বলেছিলেন "পূর্ব-বাংলার উদ্বাস্তুদের'' উদ্দেশ্যেই। পশ্চিম পাকিস্তানের শরণার্থীদের ক্ষেত্রে গান্ধীজীর উপদেশ শিরোধার্য করে নিয়ে তাদের পুনর্বাসন ব্যবস্থাপনা গড়ে তোলার বন্দোবস্ত ক'রেছিলেন। পরবর্তী ইতিহাস সেই সাক্ষ্যই বহন করে।

শরণার্থী অভ্যর্থনা

১৯৪৭ সালের ১৫ই আগষ্ট দেশ ভাগ হ'য়ে গেল। কেন্দ্রে ও সমস্ত রাজ্যেই কংগ্রেসের গভর্ণমেণ্ট। পূর্ব বাংলায় অর্থাৎ পূর্ব-পাকিস্তানে প্রায় তিন কোটি হিন্দু সংখ্যালঘুতে পরিণত। পাকিস্তান ইস্‌লামী রাষ্ট্র হিসাবে ঘোষিত। নবলব্ধ ক্ষমতা লাভের উন্মাদনায় সংখ্যালঘুদের পূর্বেকার সামাজিক মর্যাদা, মানসসম্ভ্রম ক্ষুণ্ণ হবার প্রক্রিয়া ব্যাপক আকার ধারণ করে। ফলে মধ্যবিত্ত ও উচ্চমধ্যবিত্তেরা নিজেদের নিরাপত্তা সম্পর্কে বিচলিত ও শঙ্কিত। তাঁরা দলে দলে দেশত্যাগ সুরু করেন এবং ভারতে, বিশেষ করে পশ্চিমবঙ্গেই আশ্রয় নিতে থাকেন।

ডাঃ প্রফুল্ল ঘোষ ছিলেন পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী। প্রায় ১১ লক্ষ আশ্রয়প্রার্থী আসা সত্ত্বেও পণ্ডিতজীকে জানিয়ে দিলেন, এই রাজ্যে উদ্বাস্তু সমস্যা নেই। তিনি পণ্ডিতজীর পথে পূর্ববাংলার শবরণার্থী সমস্যা সমাধান ক'রতে চান। সুতরাং ঢাকায় ও পূর্ব পাকিস্তানের কয়েকটি গুরুত্বপূর্ণ জিলায় গেলেন। ভীত, সন্ত্রস্ত ও উৎপীড়িত সংখ্যালঘু হিন্দুদের উপদেশ দিয়ে এলেন, "তোমরা দেশত্যাগ কোরো না।" যাঁরা চলে এসেছেন, তাদের মধ্যে অপেক্ষাকৃত স্বচ্ছল পরিবারগুলি নিজ চেষ্টায় পশ্চিমববাংলায় পুনর্বাসনের ব্যবস্থা করে নেন। অসমর্থ মানুষেরা পরিত্যক্ত সামরিক ব্যারাক ও ক্যাম্পের মধ্যে আশ্রয় গ্রহণ করেন। রাজ্য সরকারের কোন পুনর্বাসন দপ্তর নেই। রিলিফ দপ্তরের মন্ত্রী শ্রীনিকুঞ্জ মাইতি মহাশয় কিছু চিড়া-গুড়ের ব্যবস্থা করেন।

শিশুরাষ্ট্রের "নাবালক" পরিচালকদের পক্ষে বোধহয় দেশভাগের অবশ্যম্ভাবী ভয়াবহ পরিণতি উপলব্ধি করার মত বিচার-বুদ্ধি বিকাশলাভ করেনি। অবশ্য পূর্ববাংলার আশ্রয়প্রার্থীদের ক্ষেত্রেই এই বিচার বুদ্ধির দুর্বলতা সীমাবদ্ধ ছিল। কারণ পশ্চিম পাকিস্তানী শরণার্থীদের

পুনর্বাসনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ'ড়ে তোলার ক্ষেত্রে সেই সময় কেন্দ্রীয় সরকারী তৎপরতার কোন অভাব পরিলক্ষিত হয়নি।

১৯৪৮ সালের এপ্রিল মাসে ইণ্টার-ডোমিনিয়ন সম্মেলন অনুষ্ঠিত হয়। সেখানে সংখ্যালঘুদের পরিত্যক্ত সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও পুনঃ প্রত্যর্পণের জন্য চুক্তি হয়। উদ্দেশ্য শরণার্থীরা ফিরে যাবে এবং তাদের সম্পত্তি ফিরে পাবে। এই পথে তাদের পুনর্বাসন সমস্যা সমাধান হ'য়ে যাবে। ভারত সরকার দায়-দায়িত্ব থেকে অব্যাহতি পাবেন। এই কারণেই বোধ হয় ১৯৪৮ সালের ২৫শে জুনের পর আগত শরণার্থীদের "উদ্বাস্তু সার্টিফিকেট" দেবার ব্যবস্থা প্রত্যাহৃত হয়।

কিন্তু এই ব্যবস্থায় আশ্বস্ত হ'য়ে কেউ ফিরে যেতে সাহস পান নি। এরই মধ্যে ১৯৪৮ সালের আগষ্ট মাসে হায়দ্রাবাদে নিজামের রাজ্যে পুলিশী অভিযান ঘটে। তার প্রতিক্রিয়া দেখা দেয় পূর্ব-পাকিস্তানে। আবার দলে দলে শরণার্থীরা এসে উপস্থিত হ'তে থাকেন ভারতের মাটিতে। সমস্ত পরিত্যক্ত সামরিক ব্যারাক ও ক্যাম্প ভর্তি হয়ে যায়। জয়পুর কংগ্রেস অধিবেশনে উদ্বাস্তুরা শ্রী অমৃতলাল চ্যাটার্জীর নেতৃত্বে পণ্ডিতজীর কাছে আবেদন ক'রতে গিয়ে যে অভ্যর্থনা পেয়েছিলেন তার উল্লেখ পূর্বেই করা হয়েছে। "বিদেশী" আখ্যা নিয়ে তারা পশ্চিমবঙ্গে ফিরে আসেন।

ডাঃ বিধান চন্দ্র রায় তখন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী। উদ্বাস্তুদের প্রবল চাপের সম্মুখীন হ'য়ে তিনি পণ্ডিতজীকে লিখলেন—"...ভারত সরকার পূর্ব-পাকিস্তানী উদ্বাস্তুদের সমস্যাকে স্বীকৃতি দিতে চাইছেন না এবং তাঁরা এদের পুনর্বাসনের দায়িত্ব গ্রহণেও অনিচ্ছুক। গত দু'বছরে সাহায্য বাবদ যে টাকা দেওয়া হ'য়েছে তাতে মাথা পিছু কুড়ি (২০) টাকাও পড়ে না।" ডাঃ রায়ের অভিযোগটির তাৎপর্য খুবই সহজ ও সরল। কেন্দ্রীয় সরকারের মনোভাবের ব্যাখ্যা এর চেয়ে ভাল করে কেউ দিতে পারে নি।

এরপর আসে ভয়াবহ ৫০ সাল। বরিশাল, খুলনা প্রভৃতি জিলায় সাম্প্রদায়িক আক্রমণে বিপর্যস্ত লক্ষ লক্ষ মানুষ পূর্ব বাংলা থেকে নিরাপত্তা ও আশ্রয়ের জন্য ছুটে আসেন ভারতের বিভিন্ন সন্নিহিত অঞ্চলে। দু' মাসের মধ্যে প্রায় বারো লক্ষ মানুষ বন্যার স্রোতের মত পশ্চিমবাংলাতেই

আশ্রয় গ্রহণ করেন। সমস্ত ক্যাম্প, ব্যারাক, পরিত্যক্ত মুসলীম বাড়ীতেও স্থান সংকুলান হয় নি। ষ্টেশনে ফুটপাতে হাজার হাজার শিশু বৃদ্ধ ও রুগ্ন মানুষকে খাদ্য ও আশ্রয়াভাবে শোচনীয় মৃত্যু বরণ করতে হয়।

এই ভয়াবহ অবস্থার মধ্যে এলেন কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী মোহনলাল শাকসেনা। রাইটার্স বিল্ডিং-এ ২রা মার্চ পূর্বাঞ্চলীয় পুনর্বাসন মন্ত্রীদের সভায় তিনি ঘোষণা করেন, "নূতন উদ্বাস্তুদের সম্বন্ধে আমাদের দায়িত্ব কেবল ত্রাণকার্যে সীমাবদ্ধ থাকবে, তাদের জন্য পুনর্বাসনের কোন ব্যবস্থা হবে না।" এর কিছুদিন পরে নেহেরু-লীয়াকৎ চুক্তি সম্পাদিত হয়। এই চুক্তির প্রধান লক্ষ্য ছিল, ফিরে গেলে উদ্বাস্তুরা নিজ নিজ সম্পত্তি ফিরে পাবে। শরণার্থীদের অভ্যর্থনার অভিনব আয়োজনে সরকারী কর্মচারীরাও হতভম্ব হ'য়ে গেলেন।

কিছুদিন পরে শরণার্থী আগমনের স্রোত কমে যায়। কিন্তু পাশপোর্ট প্রথা প্রবর্তনের পূর্বে তা আবার বাড়তে থাকে। ইতিমধ্যে উদ্বাস্তুদের সংগঠিত সংগ্রামের সম্মুখীন হ'য়ে কংগ্রেস সরকার তার পুনর্বাসন নীতিতে কিছু পরিবর্তন আনতে বাধ্য হন। কিছু পুনর্বাসন পরিকল্পনা গৃহীত হ'তে থাকে। ১৯৫৬ সাল পর্যন্ত পুনর্বাসনমূলক কিছু কাজ হয়। এই সময় শ্রী মেহের চাঁদ খান্না কেন্দ্রীয় সরকারের পুনর্বাসন উপদেষ্টা নিয়োজিত হ'য়ে কলিকাতায় এসেছিলেন।

শ্রীখান্না কয়েকমাস কলকাতায় কাটিয়ে গিয়ে "অতিথি - নিয়ন্ত্রণের" ব্যবস্থাপনা পত্তন করেন। পূর্ব-পাকিস্তান থেকে সরাসরি চলে এলে সরকার তাদের সম্পর্কে কোন দায়িত্বের মধ্যে থাকবে না। সবাইকে আসতে হবে "মাইগ্রেশন" সার্টিফিকেট নিয়ে। সার্টিফিকেট পাওয়া যাবে ঢাকায় অবস্থিত ভারতীয় হাইকমিশনারের অফিস থেকে। তবে মাইগ্রেশন সার্টিফিকেটের শর্ত হবে এই ঘোষণা যে, সংশ্লিষ্ট পরিবারটি আত্মীয়-স্বজনের আশ্রয়ে থাকবে এবং সরকারের কাছে পুনর্বাসনের দাবীদার হবে না। পুনর্বাসন মন্ত্রী পদে অধিষ্ঠিত হবার পর ১৯৫৮ সালে ঘোষিত হ'ল, পশ্চিমবংগে আর "ঠাই নেই"—যেতে হবে দণ্ড-

কারণ্যে ও বাংলার বাইরে। রাজ্যের সমস্ত পুনর্বাসন স্কীম পরিত্যক্ত হয়ে গেলো।

১৯৬১ সালে রাজ্যের পুনর্বাসন মন্ত্রী প্রফুল্ল সেন ব'লে দিলেন, এই রাজ্যের উদ্বাস্তু পুনর্বাসন সমস্যা সমাধান হয়ে গিয়েছে। সামান্য টুক্‌টাক্‌ যে কাজ বাকী আছে, ২১ কোটি টাকা ব্যয় করলে তা সুচারু-রূপে নিষ্পন্ন হয়ে যাবে। দপ্তর গুটিয়ে ফেলার আয়োজন শুরু হ'য়ে গেলো।

সমস্যাটি কর্পূরের মত উবে গেল এই কারণে যে, ১৯৫৮ থেকে '৬৩ সালের মধ্যে যে শরণার্থীগণ এসেছেন, তাদের পুনর্বাসনের দায়িত্ব আর নেওয়া হবে না, এই ঘোষণা করা হোলো। এরপরে পাক ভারত যুদ্ধের সময়কাল থেকে ১৯৬৪ ও ১৯৭১ সালের মধ্যে পশ্চিমবঙ্গে আশ্রয়প্রার্থী আরও ৬ লক্ষ উদ্বাস্তুকে পুনর্বাসনে "অনধিকারী" গণ্য করা হ'য়েছে। ওয়ার্কিং গ্রুপের সরকারী বিবরণেও এই ঘটনা স্বীকৃত আছে।

সংগঠিত উদ্বাস্তুদের ব্যাপক আন্দোলন গড়ে উঠল এর প্রতিবাদে। পরবর্তীকালে সিদ্ধার্থশংকরের মন্ত্রীসভা বাধ্য হন পশ্চিমবাংলার উদ্বাস্তু সমস্যার অস্তিত্বকে আংশিক স্বীকৃতি দিতে। কিন্তু কেন্দ্রীয় সরকার তাঁর অত্যন্ত সীমিত সাহায্যের আবেদনেও বিশেষ সাড়া দেননি।

এরপর উদ্বাস্তু আন্দোলন আরও শক্তিশালী হ'য়ে ওঠে বামফ্রণ্ট সরকারের আমলে। ফলে কোন কোন খাতে সামান্য কিছু অর্থ বরাদ্দ করতে বাধ্য হন কেন্দ্রীয় সরকার—কিন্তু সামগ্রিকভাবে পুনর্বাসন নীতি পরিবর্তনে আজও পর্যন্ত তাঁরা রাজী হন নি।

১৯৭০ সালের পরে যারা এসেছেন বা আসছেন, সেই সমস্ত শরণার্থী অতিথিদের নাগরিক অধিকার দিতে অস্বীকৃতির মাধ্যমে একেবারেই "বিদেশী'' হিসাবে গণ্য করার ব্যবস্থা গৃহীত হ'য়েছে। পূর্ববাংলা থেকে আগত শরণার্থীগণ ভারত সরকারের পুনর্বাসন নীতি মেনে নেয়নি। নিরবচ্ছিন্ন সংগ্রামের মধ্য দিয়ে তাদের অধিকার প্রতিষ্ঠার কাজ চ'লছে।

পুনর্বাসনের সংগ্রাম

১৯৪৮ সালের শেষদিকে পূর্ববাংলা থেকে আগত শরণার্থীদের একাংশ উপলব্ধি ক'রতে সুরু করেন যে, কংগ্রেস গভর্ণমেণ্টের কাছে উদ্বাস্তুরা "অবাঞ্ছিত" অতিথি। পূর্ব পাকিস্তানে ফিরে যাওয়াও অসম্ভব। অথচ পরিত্যক্ত সামরিক ব্যারাকের কুণ্ডলী-পাকানো জীবনযাত্রা দুঃসহ। ভবিষ্যৎ ও অন্ধকারাচ্ছন্ন। তাদের জীবন মরণ সমস্যার সমাধান কোথায়? কে তাদের পাশে এসে দাঁড়াবে! এই প্রশ্নগুলি তাদের চিত্তকে আন্দোলিত ক'রতে থাকে।

সমস্যাপীড়িত মানুষ মাত্রেই সমস্যা সমাধানের কথা ভাবে। পথ খুঁজে বের করতে আগ্রহী হ'য়ে ওঠে। প্রচেষ্টা সুরু হয়। চারিদিকে সমব্যথীদের অনুসন্ধান করে। জোট বাঁধে। দরদী বন্ধুদের অনুসন্ধানে দুয়ারে দুয়ারে ছোটে—সাহায্যের উদ্দেশ্যে। এইভাবেই তারা সংগঠিত হয়। সমবেত প্রয়াস সুরু হয়। নানাভাবে নানা পথে ও পদ্ধতিতে এগিয়ে চলে। পরীক্ষা-নিরিক্ষার মাঝ দিয়ে, বহু ভুল ভ্রান্তি পেরিয়ে, ঠিক পথের সন্ধান মেলে। সেই পথ বেয়ে সমস্যা সমাধানের দিকে সুনিশ্চিতভাবে এগিয়ে চলে। সে চলার গতি কখন ধীর, কখনও দ্রুত। কখনও অশান্ত, কখনও শান্ত। উদ্বাস্তুরাও যে সেই একই পথের যাত্রী হ'য়ে উঠবেন এতে বিস্ময়ের কিছু নেই।

কলকাতার আশ্রয় শিবিরগুলিতে সমবেত প্রচেষ্টা রূপ নেয় "নিখিল-বঙ্গ বাস্তুহারা কর্মপরিষদে"র সংগঠনে। বেছে নেওয়া হয় আবেদন নিবেদনের পথ। '৪৮ সালের সেপ্টেম্বর মাসে গ'ড়ে ওঠে কর্মপরিষদ। নেতৃত্বে ছিলেন গান্ধীজীর ঘনিষ্ট আত্মীয় শ্রীঅমৃতলাল চ্যাটার্জী। পণ্ডিতজীর হৃদয় পরিবর্তনের উদ্দেশ্যে আবেদনের দরখাস্ত নিয়ে গেলেন জয়পুরে। কংগ্রেসের অধিবেশনে। পণ্ডিতজীর কাছে "বিদেশী" অখ্যায় ভূষিত হয়ে হতাশ চিত্তে ফিরে এসেই কর্মপরিষদের সভাপতিপদ

ত্যাগ ক'রলেন তাঁর ব্যর্থ দৌত্যের কারণে। শ্রী মহাদেব ভট্টাচার্য সভাপতিত্ব গ্রহণ ক'রলেন। আবেদন-নিবেদনের মধ্য দিয়ে যে কিছুই লাভ হবে না, এই সত্যটি কর্ম-পরিষদের কর্মী ও নেতৃত্বের কাছে স্পষ্ট ও প্রত্যক্ষ হ'য়ে উঠলো। তাঁরা "প্রত্যক্ষ সংগ্রামে"র সিদ্ধান্ত গ্রহণ ক'রলেন।

১৯৪৯ সালের ১৪ই জানুয়ারী তারিখটি পুনর্বাসন সংগ্রামের ইতিহাসে চিরস্মরণীয় হ'য়ে থাকবে। পণ্ডিত নেহেরু এলেন কলকাতায় বুদ্ধ-শিষ্যদ্বয়ের পূত অস্থি নিয়ে। ময়দানে বিশাল জনসভায় তিনি ভাষণ দেবেন। কর্মপরিষদের সিদ্ধান্ত, শরণার্থীরা পুনর্বাসনের দাবী নিয়ে স্মারকলিপি হাতে পণ্ডিতজীর সংগে সাক্ষাৎ করবে। সুসংগঠিত একটি বিরাট মিছিল এগিয়ে চ'লেছে ময়দানের দিকে। অকস্মাৎ বিশাল সশস্ত্র পুলিশ বাহিনী কর্তৃক আক্রান্ত হয় উদ্বাস্তুদের মিছিলটি। লাঠি চলে, টিয়ারগ্যাস নিক্ষিপ্ত হয় এবং শেষ পর্যন্ত গুলীও চালনা করা হয়। ছত্রভংগ মিছিল ময়দানে পৌঁছুতে পারে না। পুনর্বাসনের দাবী সম্বলিত স্মারকলিপিটি পথের ধুলোয় গড়াতে থাকে। এই ঘটনা শরণার্থীদের চক্ষু উন্মীলনের কাজ করে। কংগ্রেস গভর্ণমেণ্ট সম্পর্কে ক্ষীণতম ভরসা ও বিশ্বাসকে মুছে ফেলে।

"কর্মপরিষদ" পুনর্বাসন সংগ্রামের জন্য এবার নতুন ও অভিনব কর্মসূচী গ্রহণ করে। শুধু আবেদন, নিবেদন, মিটিং মিছিল বা ঘেরাও—এই চিরাচরিত পদ্ধতির পরিবর্তে তাঁরা পশ্চিমবাংলার "মাটি"তে প্রত্যক্ষ দখল নেবার সিদ্ধান্ত গ্রহণ করেন। কর্ম-পরিষদের আহ্বান ছিল—"আমাদের সমস্যা যখন এই গভর্ণমেণ্ট সমাধানে অনিচ্ছুক তখন তাদের উপর আর নির্ভরতা নয়। নিজেদের হাতেই সমাধানের দায়িত্ব তুলে নাও। স্বাবলম্বী হ'য়ে ওঠো। জোতদার ও জমিদারদের কুক্ষিগত পতিত ও অনাবাদী জমি দখল করো। তার উপর গড়ে তোলো জনপদ। নিজেদের সামর্থ্য ও কায়িক পরিশ্রমে নির্মাণ করো ঘর-বাড়ী, শিক্ষায়তন এবং পথ-ঘাট। সম্মিলিত শক্তি দিয়ে তোমার এই সৃষ্টিকে রক্ষা করো ও সমৃদ্ধ করে তোলো। আমাদের পুনর্বাসনের এ ভিন্ন অন্য কোন পথ খোলা নেই।"

আত্মনির্ভরতার বলিষ্ঠ এই মহান আহ্বানে সাড়া দিল উদ্বাস্তুরা। ১৯৪৯ সালের এপ্রিল মাসে সোদপুরে "দেশবন্ধুনগর" এবং অক্টোবরে নৈহাটিতে "বিজয় নগর" এই জবর-দখল কলোনী দুটি প্রতিষ্ঠিত হয়। যাদবপুরের "বিজয়গড়" কলোনীটিও এই সময়েই স্থাপিত। এই মুহূর্তে আর কোন জমি দখল ও কলোনী স্থাপনার ঘটনা নাই : কিন্তু জবর-দখল ও স্বাবলম্বী প্রচেষ্টার যে বীজ বপন করেছিল "নিখিলবঙ্গ বাস্তুহারা কর্মপরিষদ", পরবর্তীকালে তা মহীরুহে পরিণত হ'য়েছে এবং আজও উদ্বাস্তুরা নিজেদের সমস্যা এই পথেই সমাধানে সচেষ্ট।

এরপর আসে ১৯৫০ সালের বন্যা—শরণার্থী আগমনের ভয়াবহ বন্যাস্রোত। তিন মাসের মধ্যেই চলে আসতে বাধ্য হল ১২'১৩ লক্ষ মানুষ। জাহাজে, ষ্টিমারে, রেলগাড়ীতে হাঁটাপথে পূর্ব-পাকিস্তানের সীমান্ত অতিক্রম করে লাখে লাখে মানুষ এসেছে। নিঃস্ব, রিক্ত, সহায়-সম্বলহীন উৎপীড়িত শরণার্থীর দল। সব ফেলে ছেড়ে প্রাণ ও মানের ভয়ে একবস্ত্রে সাত পুরুষের ভিটেমাটির মায়া ভুলে গিয়ে ছুটে এসেছে পশ্চিমবঙ্গে আশ্রয় নিতে। সামরিক শিবিরগুলির একটিতেও আর স্থান নেই। আত্মীয়-স্বজনদের ঘরেও ঠাঁই দেবার মত জায়গা নেই। মানুষ মরছে স্টেশনে স্টেশনে, পথে ফুটপাতে উন্মুক্ত আকাশের তলে। খাবার মিলছে না, মিলছে না ঔষধপত্র, এমন কি মিলছে না পানীয় জলটুকুও। এই হৃদয়-বিদারক দৃশ্য যারা প্রত্যক্ষ করেন নি ভাষা দিয়ে তাদের উপলব্ধি জাগিয়ে তোলার ক্ষমতা আমার নেই। সেই দিনগুলির কথা মনে এলে এখনও শিউরে উঠি, কান্নায় সমস্ত দেহটা ভেঙ্গে পড়ে। এরই মধ্যে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী—মোহন লাল শাকসেনার বাণী শুনেছিলাম—"এই সমস্ত শরণার্থীদের পুনর্বাসনের দায়িত্ব নেওয়া হবে না"।

প্রায় দু'লক্ষ উদ্বাস্তুকে অব্যবহৃত সামরিক শিবিরে সাময়িক রিলিফ দেবার উদ্দেশ্যে "গুদামজাত" করা হ'য়েছিল। বহু শরণার্থী কোথায়ও আশ্রয় না পেয়ে পরিত্যক্ত মুসলীম বস্তীগুলিতে আশ্রয় নেন। সেখানে স্থান-সংকুলান হয় না। এতো মানুষ, কোথায় যাবে তারা। ভাড়া

নেবার মত ঘরও মেলে না। এই দুঃসহ অবস্থায় সুরু হয় জমি দখল ও উপনিবেশ পত্তন। কর্মপরিষদ পথের নিশানা দিয়েছিলেন। কিন্তু দখলের বন্যাস্রোতের তোড়ের মুখে হাল ধরার শক্তি তাদের ছিল না। স্বতস্ফূর্তভাবে গড়ে উঠলো জবর-দখল কলোনী। একের পর এক। যাদবপুর, টালীগঞ্জ, ঢাকুরিয়া, বেহালা, দমদম, বেলগাছিয়া বেলঘরিয়া, বরানগর, কামারহাটি, সোদপুর, খড়দহ, পানিহাটি, ব্যারাকপুর, টিটাগড়, শ্যামনগর, ইছাপুর, জগদ্দল, নৈহাটি, কাঁচরাপাড়া এমন কি শ্রীরামপুর, মাহেশ পর্যন্ত সমস্ত শহরতলী এলাকায় রাতারাতি জবর-দখল কলোনী স্থাপিত হতে থাকে। জমিদার, জমির ফাটকাবাজ এবং কিছু সরকারী ফাঁকা জমি জবর-দখল কলোনীতে ভরে গেল। আতংকিত গভর্ণমেণ্ট এবং জমির মালিকেরা ভীত ও সন্ত্রস্ত হ'য়ে পড়ে অবস্থা দেখে। কলোনী ভাংগার কাজ সুরু হোলো। জমিদারের গুণ্ডারা এগিয়ে এসেছিল সবার আগে। কিন্তু কলোনীগুলি আত্মরক্ষায় তৎপর হ'য়ে ওঠে। কলোনীগুলিকে রক্ষা ক'রতে হবে—বাঁচাতে হবে এই আশ্রয়স্থলগুলিকে। একাকী হবে না। জোট বাঁধা দরকার। স্থানীয়ভাবে পাশাপাশি কিছু কলোনী যৌথ উদ্যোগ নিতে সুরু করে। কিন্তু গভর্ণমেণ্টের পুলিশ ও জমিদারদের গুণ্ডাবাহিনীর মিলিত আক্রমণ প্রতিহত করার জন্য আরও বৃহত্তর সংগঠন প্রয়োজন। কলোনীগুলির কাছে বৃহত্তর সংগঠনের প্রশ্ন বাস্তব হ'য়ে দেখা দেয়।

অন্যদিকে মুসলীম পরিত্যক্ত বস্তীতে আশ্রয় প্রার্থীরা নানাবিধ সমস্যায় পীড়িত। উচ্ছেদ প্রতিরোধ ক'রতে হবে। রিলিফের ব্যবস্থা চাই। বস্তী কমিটি গ'ড়ে উঠেছে! সম্মিলিত প্রয়াসের প্রয়োজনীয়তা তারাও অনুভব করছেন। সরকারী ক্যাম্পগুলির অব্যবস্থায় সেগুলিতে নারকীয় জীবন অসহ্য হ'য়ে উঠছে। তারাও এককভাবে বিক্ষোভ প্রকাশ ক'রছে। তাতে যথেষ্ট সাফল্য আসছে না। সম্মিলিত ভাবে বৃহত্তর প্রতিকারের দাবী তুলতে হবে। কে তার নেতৃত্ব দেবে ?

পুনর্বাসনের নামে সব উদ্ভট সরকারী পরিকল্পনার দৌলতে যাদের জীবন অতিষ্ঠ হ'য়ে উঠেছে, তাঁরা একে একে প্রতিবাদ তুলছেন। ব্যর্থ পুনর্বাসন কেন্দ্র পরিত্যাগ করে কলকাতা শহরে ছুটে আসছেন প্রতিকারের আশায়। সম্মিলিতভাবে কে তাদের হ'য়ে কথা বলবে, প্রতিকারের পথ দেখাবে ?

উদ্বাস্তুরা সর্বত্র তাদের নিজস্ব গণ্ডীর মধ্যে সংগ্রামের প্রাথমিক সংগঠন গড়ে তুলেছেন। কলোনীগুলিতে কলোনী কমিটি, বস্তীতে পাড়া বা বস্তী কমিটি, ক্যাম্পে ক্যাম্প কমিটি, পুনর্বাসন কেন্দ্রে সংগ্রাম কমিটি প্রতিষ্ঠিত হ'চ্ছে। কোন কোন ক্ষেত্রে কিছু আঞ্চলিক সংস্থাও স্থাপিত হ'য়েছে। সম্মিলিত নেতৃত্ব গ'ড়ে তোলার আকাংখা প্রবলভাবে অনুভূত হচ্ছে। উদ্বাস্তুরা তাদের বাঁচার সংগ্রামে সাহায্যের আবেদন নিয়ে সব রাজনৈতিক দলের কাছেই উপস্থিত হ'য়েছেন। এককভাবে নিজ নিজ গণ্ডীর মধ্যে থেকে কংগ্রেস ব্যতীত অন্য সব দলই কিছু কিছু সাহায্য করতে এগিয়েছিলেন। কিন্তু প্রয়োজনের বিশালত্ব তাদের খণ্ড ক্ষুদ্র প্রয়াসকে বেশীদূর নিয়ে যেতে পারে নি।

এই কালে পশ্চিমবাংলার বামপন্থী দলগুলির মধ্যে ঐক্য তো ছিলই না বরং ছিল পরস্পরের প্রতি গভীর অবিশ্বাস, প্রচণ্ড বিরোধ ও মত পার্থক্য। কোন বিষয়েই ঐক্যবদ্ধ নেতৃত্ব দেবার সামর্থ্য বা সদিচ্ছা দেখা যেতো না। কিন্তু লক্ষ লক্ষ শরণার্থীদের চাপে পশ্চিমবংগে যে ভয়াবহ অবস্থা সৃষ্টি হয় এবং উদ্বাস্তুদের দুঃসহ জীবনযাত্রা ও সংগ্রামী মনোভাব সব বামপন্থী দলকেই গভীরভাবে চিন্তিত ও বিচলিত করে তুলেছিল। ঠিক এই রকম একটি মুহূর্তে শ্রী অম্বিকা চক্রবর্তী উদ্বাস্তুদের সাহায্য করার উদ্দেশ্যে সমস্ত বামপন্থী দলগুলিকে সমবেত করার চেষ্টায় ব্রতী হন। তার আবেদনে একমাত্র আর. এস. পি ব্যতীত তৎকালীন সমস্ত বামপন্থী দলই সাড়া দেন। উদ্বাস্তুদের পুনর্বাসন সংগ্রামে একটি সাধারণ কর্মসূচীর ভিত্তিতে যৌথ নেতৃত্ব দিতে সম্মত হন। সংগ্রামী উদ্বাস্তু আন্দোলনে অনুপ্রাণিত হ'য়ে পুনর্বাসন সমস্যাকে কেন্দ্র করে পশ্চিমবাংলার বামপন্থী

দলগুলি সেদিন যে ঐক্যের পথ গ্রহণ করেছিলেন, তার মধ্য দিয়েই বর্তমান বামপন্থী ফ্রণ্টের ভিত্তি রচিত হয়।

১৯৫০ সালের ৪ ঠা জুন পুনর্বাসন সংগ্রামের ইতিহাসে একটি স্মরণীয় দিন। মিলিত বামপন্থী নেতৃবৃন্দ এবং বিভিন্ন কলোনী, ক্যাম্প ও বস্তী কমিটির সম্মিলিত আহ্বানে কমার্শিয়াল মিউজিয়াম হলে এক সম্মেলন হয়। ঐ সম্মেলনে "সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ" জন্ম পরিগ্রহ করে। কেন্দ্রীয় পরিষদ পরবর্তীকালে ইউ. সি. আর. সি. হিসাবেই বেশী পরিচিত। ইউনাইটেড সেন্ট্রাল রিফিউজী কাউন্সিলের সংক্ষিপ্তসার ইউ. সি আর সি। পরবর্তীকালে কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ পশ্চিমবঙ্গের সমস্ত জিলাগুলিতে খণ্ড খণ্ডভাবে পরিচালিত আন্দোলনকে ঐক্যবদ্ধ করেছে এবং পুনর্বাসনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা ও সাধারণ কর্মসূচী রচনার মাধ্যমে পুনর্বাসন সংগ্রাম পরিচালনা করে চলেছে। এই রাজ্যে সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদই এখন একমাত্র কেন্দ্রীয় উদ্বাস্তু সংগঠন।

পরিষদ গঠিত হবার ফলে পুনর্বাসন আন্দোলনে এতদিনকার নেতৃত্বের অভাব দূরীভূত হয়। স্থানীয় খণ্ড খণ্ড আশু সমস্যা সমাধানের সংগে সংগে সামগ্রিকভাবে পুনর্বাসন ব্যবস্থাকে সার্থক করার উপযোগী কর্মসূচী রচিত হয়। তার ভিত্তিতে সারা রাজ্য জুড়ে কর্মপ্রচেষ্টায় উদ্বাস্তুদের উদ্বুদ্ধ করা সম্ভব হ'চ্ছে। কেন্দ্রীয় সংগঠনটি গ'ড়ে না উঠ্‌লে স্থানীয় আন্দোলনগুলি অল্পেতেই শুদ্ধ হ'য়ে যেতো এবং সমস্যাটি জাতীয় জীবনে বর্তমান গুরুত্ব অর্জনে সক্ষম হোতো না। ফলে উপেক্ষিত ও অবহেলিত হ'য়ে উদ্বাস্তুদের দুর্দ্দশার অন্ত থাকতো না। নিজস্ব সংগঠন এবং সংগঠিত আন্দোলনের ধারাবাহিক চাপ যদি না থাকে কোন রাজনৈতিক দলই বেশীদিন বিষয়টি নিয়ে মাথা ঘামাতে চায় না। এই সত্যটি সব উদ্বাস্তুরই উপলব্ধি করা উচিত।

সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ গঠিত হবার পরবর্তী পর্যায়ে পুনর্বাসন সংগ্রাম স্বতস্ফূর্ততা কাটিয়ে উঠতে থাকে। খণ্ড খণ্ড ইতস্তত

বিক্ষিপ্ত বিচ্ছিন্ন প্রতিবাদ ও প্রতিরোধমূলক আন্দোলনগুলি ঐক্যবদ্ধ রূপ নেয়। আশু দাবীর সংগে সামগ্রিক পুনর্বাসনকে মূল লক্ষ্য হিসাবে চিহ্নিত করা সম্ভব হয়। পুনর্বাসনের জন্য সামগ্রিক পরিকল্পনা ও কার্যক্রমের ভিত্তিতে সুনির্দিষ্ট পথে দেশব্যাপী সুসংগঠিত পদক্ষেপ নেবার কাজ সুরু হয়। পরিষদের সংগঠনিক নীতি, পুনর্বাসনের কার্যক্রম এবং স্থানীয় সংগ্রামকে সর্বসাধারণের সংগ্রামে রূপান্তরিক করার প্রয়াসসমূহ অতি অল্পদিনের মধ্যেই পরিষদকে জনপ্রিয় করে তোলে। বর্তমানে প্রতিটি জিলা ও অঞ্চলে পরিষদের ব্যাপ্তি ঘটেছে এবং ইউ. সি. আর. সি আজ রাজ্যে একমাত্র জনপ্রিয় উদ্বাস্তু সংগঠন। ফলে পুনর্বাসন সংগ্রামের ইতিবৃত্ত পরবর্ত্তীকালে ইউ. সি. আর. সি-র কার্যাবলীর মধ্যেই প্রতিফলিত।

জবর-দখল উপনিবেশ পত্তনের সংগ্রাম

এক কথায় বলা চলে, জবর-দখল কলোনীগুলি কংগ্রেস গভর্ণমেন্টের শরণার্থী পুনর্বাসন-বিরোধী নীতির স্থায়ী জ্বলন্ত এবং মূর্ত প্রতিবাদ। ৫০ সালের ডিসেম্বরের মধ্যে শহরতলী ও শিল্পাঞ্চলে জবর-দখল উপনিবেশ স্থাপিত হয়। জমির মালিকদের পক্ষ থেকে কলোনী ভাংগার সমস্ত চেষ্টা উদ্বাস্তুদের সংহত প্রতিরোধের ফলে ব্যর্থ হ'য়ে যায়। একটি কলোনী থেকেও একটি উদ্বাস্তুকে উচ্ছেদ করা সম্ভব হয় নি। কোথাও কোথাও জমির মালিকেরা কোর্ট ও পুলিশের সাহায্যেও উপনিবেশ উৎখাতের চেষ্টা করে। তাতেও সাফল্য অর্জন করতে পারে নি। মালিকদের ব্যক্তিগত প্রয়াস ব্যর্থ হবার পরে তারা রাজ্য সরকারের দ্বারস্থ হয়। ১৯৫১ সালে রাজ্য সরকার বিধানসভায় কলোনী উচ্ছেদের উদ্দেশ্যে একটি আইন প্রণয়ণের উদ্যোগ গ্রহণ করে। বিলটির নাম ছিল "অনধিকার জমি দখলকারীদের উচ্ছেদ আইন"। উদ্দেশ্যটি খুব স্পষ্ট ভাষায় ব্যক্ত ছিল। যেহেতু বে-আইনী জমি দখলদার প্রতিটি ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু করা মালিকদের পক্ষে ব্যয়বহুল কষ্টকর, সেইহেতু এই আইনের মারফৎ

মালিকদের সুবিধার্থে ব্যাপকভাবে বে-আইনী দখলদার অপসারণের ব্যবস্থা করা হবে। অর্থাৎ প্রতিষ্ঠিত সমস্ত জবর-দখল কলোনী থেকে ব্যাপকভাবে উদ্বাস্তুদের উৎখাত করাই ছিল আইনটির প্রকৃত মর্মার্থ।

এই উচ্ছেদ আইনের বিরুদ্ধে পরিষদের নেতৃত্বে বিশাল বিশাল জন জমায়েত করা হয়। প্রায় দেড় লক্ষ উদ্বাস্তুর সমাবেশ হয় মনুমেণ্ট প্রাঙ্গণে ১৮ই ফেব্রুয়ারী ১৯৫১ সালে উচ্ছেদ আইন প্রত্যাহারের দাবীতে। ইউ সি আর সি সংগে যুক্তভাবে না হ'লেও একই দাবীতে ডাঃ সুরেশ ব্যানার্জী ও আর. এস. পি প্রভৃতির নেতৃত্বে ঐ দিনই আর একটি সমাবেশ হয় ওয়েলিংটন স্কোয়ারে। যুক্ত মঞ্চ গঠিত হয়নি ওঁদের সংগে। কিন্তু সমগ্র উদ্বাস্তু সমাজ এরপর এই আইন পরিবর্তনের জন্য দিনের পর দিন কঠিন সংগ্রাম করেন। বিধানসভার মধ্যেও সমস্ত বামপন্থী প্রতিনিধিগণ বিলটির বিরুদ্ধে প্রতিবাদে মুখর হ'য়ে ওঠেন। শেষ পর্যন্ত আইনটি সংশোধিত হয়। আইনের নাম পরিবর্তিত হ'য়ে "উদ্বাস্তু পুনর্বাসন ও জবর-দখল উচ্ছেদ" এই নাম দেওয়া হয়। নূতন আইনের ৪ নং ধারায় বলা হয় যে জীবিকার সংগে সংগতি রেখে বিকল্প পুনর্বসতির ব্যবস্হা না করা পর্যন্ত কাউকে উচ্ছেদ করা হবে না। সংশোধিত আইনে অনেক ফাঁক-ফোকর ছিল। পরবর্তী সংগঠিত আন্দোলনের মধ্য দিয়ে সর্বপ্রকার উচ্ছেদ প্রচেষ্টা ব্যর্থ ক'রতে সক্ষম হয় জবর-দখল কলোনীর অধিবাসীগণ।

ইউ সি আর সি এবার ধ্বনি তোলেন—"জবর-দখল কলোনীগুলিকে আইনগত স্বীকৃতি দাও" এবং বাস্তুহারাদের দখল করা জমিতে স্থায়ী স্বত্বাধিকার দাও"। ১৯৫৪ সালে কেন্দ্রীয় মন্ত্রী অজিত প্রসাদ জৈন-এর নেতৃত্বে পরিচালিত মন্ত্রী-কমিশনের রিপোর্টে জবর-দখল কলোনীগুলিকে আইনানুগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। পশ্চিমবাংলার মাটিতে স্হায়ী জীবনযাত্রা গ'ড়ে তোলার সংগ্রামে এই বিজয় অতি গুরুত্বপূর্ণ ঘটনা। পরবর্তীকালে আরও অনেক জবর-দখল উপনিবেশ স্হাপিত হ'য়েছে। ১৯৬০-এর দশকে, '৭০—'৮০-র দশকে এবং এমন কি ৯০-এর দশকেও

জবর-দখল উপনিবেশ পত্তন হ'য়েছে। কেন্দ্রীয় সরকার প্রথম ১৪৯-কে স্বকৃতি দেন। পরে ১৭৫ এবং তারও পরে ১৯৮৭ সালে আরও ৬০৭ টি জবর-দখল উপনিবেশ সরকারী স্বীকৃতি লাভ করে। এখনও প্রায় সহস্রাধিক কলোনী স্বীকৃতির অপেক্ষায়। প্রায় বিশ লক্ষ শরণার্থী জবর-দখলের মধ্য দিয়ে ভারতের মাটিতে নিজেদের স্থায়ী বসতি গ'ড়ে তুলেছেন।

উপনিবেশন পত্তন ও স্বীকৃতি অর্জন অর্থাৎ '৪৯ থেকে '৫৪ সাল পর্যন্ত সময়কালের মধ্যে কলকাতা ও শহরতলীর চেহারা ছিল প্রায় একটি রণক্ষেত্রের মত। এই দিনগুলির কাহিনী স্বতন্ত্র ও বিস্তৃতভাবে বর্ণনার দাবী রাখে। এই পথ প্রদর্শকদের সাহস, দৃঢ়তা এবং গঠনমূলক দৃষ্টি-ভঙ্গীর উপযুক্ত মূল্যায়ন এখনও হয়নি। এদের সৃজনীশক্তি ও স্বাবলম্বী দৃষ্টান্ত সমাজের কাছে একটি মূল্যবান সম্পদ। পরবর্তী জবর-দখল-কারীদের পথকে এঁরাই সুগম ক'রে দিয়েছেন।

উপনিবেশগুলি স্বীকৃতি লাভের পর প্রশ্ন ওঠে জমির স্বত্বাধিকার ও উন্নয়নের বিষয় নিয়ে। স্বত্ব ও স্বত্ব দলীলের প্রসংগ নিয়ে দীর্ঘদিন নানারকম টালবাহানা চলতে থাকে। প্রথমে অর্পণপত্র। তারপর শর্ত-কণ্টকিত লীজস্বত্ব। পরে সংশোধিত লীজ-স্বত্ব প্রভৃতি বিতর্ক ও দ্বন্দ্বের পরে শেষ পর্যন্ত বামফ্রণ্ট সরকারের আমলে কায়েমী স্বত্বের দলীল অর্পণ ব্যবস্থা সুরু হ'য়েছে ১৯৮৭ সাল থেকে। দলীল নিয়ে দীর্ঘ বছর ধরে যে যুদ্ধ হ'য়েছে, সেই কাহিনীও স্বতন্ত্র ও বিস্তৃত বর্ণনার অপেক্ষা রাখে।

নিজস্ব শক্তি ও সামর্থ দিয়ে উদ্বাস্তুরা উপনিবেশগুলিকে মানুষের বাসোপযোগী ক'রে তুলতে নিরন্তর প্রচেষ্টা করে চলেছে। কিন্তু প্রয়োজনের তুলনায় উন্নয়নের এই ব্যবস্থা আদৌ যথেষ্ট নয়। বিশেষতঃ দরিদ্রতম মানুষের উপনিবেশগুলি এখনও বাসযোগ্যই হ'য়ে ওঠেনি। ফলে উন্নয়নের প্রশ্ন এখন পুরোভাগে উপস্থিত। উন্নয়নের জন্য যে সংগ্রাম চ'লেছে তার বিবরণ পরবর্তী একটি অধ্যায়ে বর্ণিত হবে।

কিন্তু শরণার্থীদের একটি বিরাট অংশের বাস্তু-সমস্যা এখনও বর্তমান।

কেন্দ্রীয় সরকার পুনর্বাসনের দায়িত্ব পালন করেন নি—বরং দায়িত্বকে ক্রমাগত অস্বীকার করার ফলেই নানাবিধ জটিল সমস্যা সৃষ্টি হ'য়েছে ও হ'চ্ছে। আশ্রয়হীন, গৃহহীন শরণার্থীরা স্থায়ী বাস্তুর প্রত্যাশী। এদের সমস্যা যতদিন না মিটছে ততদিন নতুন নতুন উপনিবেশ পত্তন হবেই। সরকার যদি দায়িত্ব গ্রহণ না করেন তবে উদ্বাস্তুরা নিজেরাই সমস্যা সমাধানের জন্য প্রদর্শিত জবর-দখলের পথ গ্রহণে বাধ্য হবেই।

সরকারী পুনর্বাসন কেন্দ্রের সংগ্রাম

একথা সকলেই স্বীকার করবেন যে পুনর্বাসন সংগ্রামে জবর-দখল উপনিবেশগুলি একটি নতুন পথের দিশারী। সেই পথ অনুসরণ ক'রে চলেছে অসংখ্য শরণার্থী নিজেদের সমস্যা সমাধানের উদ্দেশ্যে। শুধু অকৃষিজীবী মধ্যবিত্তরাই নন—কৃষিজীবীগণও এই পথের পথিক। তারা বাস্তু জমির দখল নিয়েই ক্ষান্ত হননি—জীবিকার জন্য চাষের জমিও দখল ক'রেছেন। এই সমস্ত জবর-দখলকারীগণই পুনর্বাসন সংগ্রামে মূল ও প্রধান শক্তি জুগিয়েছেন। এরাই স্থায়ী যোদ্ধা। কিন্তু উদ্বাস্তুদের অন্যান্য অংশের মানুষও পুনর্বাসন সংগ্রামের রঙ্গমঞ্চে তাদের ভূমিকা পালন করেছেন। তাঁদের সম্পর্কে উল্লেখ ক'রতে গেলে সরকারী পুনর্বাসন কেন্দ্র ও সরকারী ক্যাম্পগুলির কথা বিশেষ স্থান লাভ করে।

পঞ্চাশের দশকের একেবারে গোড়ার দিকে দেখা যেতো সুদূর পল্লী অঞ্চলের সরকারী পুনর্বাসন কেন্দ্র থেকে দলে দলে উদ্বাস্তুরা ছুটে আসছে কলকাতা শহরে। মিছিল ক'রছে। পুনর্বাসন দপ্তরের অক্‌ল্যান্ড হাউসের সামনে ভিড় ক'রছে। ঘেরাও ক'রছে অফিসার ও কমিশনারকে। কখনও কখনও অফিসের সামনে দিনের পর দিন অনশন সত্যাগ্রহ চ'লছে। বাইরে অনেক জিলা, মহকুমা বা ব্লক অফিসেও গণ-সত্যাগ্রহ বা ঘেরাও-এর সংবাদ আসছে। জেল-ভরো আন্দোলনে দলে দলে সত্যাগ্রহী উদ্বাস্তুরা কারাবরণ করছে! ট্রেন বন্ধ করা, বড় বড় রাজপথে অবরোধ সৃষ্টি করাও নিত্যকার ঘটনায় পর্যবসিত। সরকারী পুনর্বাসন কেন্দ্রের

২

উদ্বাস্তুরা নিজেদের দুঃখ ও যন্ত্রণার অভিব্যক্তি দিতেন এই পথে। এত ক্ষোভ বিক্ষোভের যথেষ্ট সংগত কারণ ছিল।

পূর্ববাংলার শরণার্থীদের পুনর্বাসনের জন্য যে সত্যিকার কোন পরিকল্পনাই ছিল না এই সমস্ত পুনর্বাসন কেন্দ্রগুলি তারই নিদর্শন। অনিচ্ছায় নেহাৎ বাধ্য হ'য়ে দায়-সারা-গোছের যে ব্যবস্থা নেওয়া হয়, সেগুলির মধ্যে অধিকাংশই ছিল অবাস্তব ও উদ্ভট। সামান্য দু-একটি দৃষ্টান্ত থেকে তা উপলব্ধি করা যাবে। মেদিনীপুর শহরের পাশে পাথুরে মাটিতে খয়েরউল্লাচকে একটি হর্টিকালচার স্কীমে কিছু সংখ্যক উদ্বাস্তু পরিবার পুনর্বাসন পেয়েছিলেন। দেওয়া হয় এক বিঘা জমি। পাঁচ কাঠায় হবে বাড়ী—আর ১৫ কাঠায় হবে হর্টিকালচার। জল সেখানে ৬০ ফুট নীচে। হয় পাগল নয়তো শয়তানের মাথা থেকে এই ধরণের উদ্ভট পরিকল্পনা গজাতে পারে। বনগ্রামের সীমান্তে তেপান্তরের মাঠে চারিদিকে ৪'৫ মাইলের মধ্যে জনবসতিহীন একটি জায়গায় ট্যাংরা তে এগারো শত ছোট ব্যবসায়ীকে পুনর্বসতি দেওয়া হ'য়েছে। সবাই ছোট ব্যবসায়ী। ক্রেতা কে? সুতরাং কয়েকদিন বাদেই টিন বিক্রি ক'রে খেয়ে দেয়ে আবার পূর্ব পাকিস্তানের মাতৃ জঠরে ফিরে যাওয়া ছাড়া এ পরিকল্পনার উদ্দেশ্য আর কি থাকতে পারে? বাদুড়িয়ার চণ্ডীপুর ক্যাম্প থেকে ৮০০ পরিবারকে পাশেই পুনর্বাসন দেওয়া হোল চিরকাল জলে ডোবা জমিতে। জলনিকাশী ব্যবস্থা নেই। জমি চাষযোগ্য করার কথা নেই। তার উপর ৬ বিঘা জমির প্রতিশ্রুতি থাকলেও দেওয়া হ'য়েছে মাত্র ১ বা ২ বিঘা পরিবার পিছু।...এই রকম অজস্র দৃষ্টান্ত দেওয়া যেতে পারে। আবার ঋণদান পদ্ধতিটিও অদ্ভুত। পাঁচশত টাকা ব্যবসায়ী ঋণের ২০০ টাকা প্রথম কিস্তী—দ্বিতীয় কিস্তী পেতে এক পাটি জুতো ক্ষয়—অর্থাৎ বৎসরাধিক কাল অতিক্রান্ত। সুতরাং কেন্দ্রত্যাগ করা ছাড়া উপায় কি?

বিভিন্ন আন্দোলনের চাপে কেন্দ্রীয় সরকার অবস্থা খতিয়ে দেখার উদ্দেশ্যে একটি "তথ্য অনুসন্ধানী কমিটি" নিযুক্ত করেন ১৯৫২ সালে শ্রী কে. পি. মেথরানীকে সেক্রেটারী করে। ইউ. সি. আর. সি. সমগ্র

পশ্চিমবাংলার সরকারী পুনর্বাসন কেন্দ্রগুলির ব্যর্থতার কারণ অনুসন্ধান করে এবং একটি রিপোর্ট ও সুপারিশ এই কমিটির কাছে পেশ করে। ইউ. সি আর সি, কারও উপর দোষ না চাপিয়ে ঘটনাগুলি লিপিবদ্ধ করে এবং পরিবর্তনের জন্য প্রস্তাব পেশ করে। ঐ কমিটি এই রিপোর্টকে বিশেষ মর্যাদা দিয়েছিল এবং অনেকগুলি সুপারিশকে স্বীকৃতি দেয়। পরে ১৯৫৪ সালের "মন্ত্রী-কমিটির" অনুমোদনে পুনর্বাসন কেন্দ্রগুলির অনেকগুলিকে ঢেলে সাজাবার নির্দেশ থাকে। খানিকটা কাজও হয়। তার ফলে বহু কেন্দ্র পুনর্গঠিত হয় এবং পরবর্তীকালে নতুন পুনর্বসতি কেন্দ্র স্থাপনের সময় ইউ. সি. আর. সি.-র প্রস্তাব অনুযায়ী ব্যবস্থাপনা করা হয়। ফলে পুনর্বসতি কেন্দ্রে অবস্থা উন্নত হয়। উত্তেজনা, ক্ষোভ বিক্ষোভও স্তিমিত হয়ে যায়। অবশ্য এই কলোনীগুলির সাধারণ উন্নয়ন সংক্রান্ত সুপারিশগুলি এখনও কার্যকর হয় নি। উন্নয়ন এদের জীবনে একটি বড় প্রশ্ন হিসাবে দাঁড়িয়ে আছে।

আশ্রয়-শিবিরবাসী শরণার্থীদের সংগ্রাম

পুনর্বাসন সংগ্রামের ইতিহাসে জবর-দখল উপনিবেশবাসী উদ্বাস্তুগণের সুদীর্ঘ ধারাবাহিক সংগ্রাম যে স্থায়ী আসন সংগ্রহ করে নিয়েছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু সরকারী আশ্রয় শিবির বা ক্যাম্পবাসী শরণার্থীগণও পুনর্বাসন সংগ্রামে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছেন। সে ইতিহাসও বিচিত্র ঘটনাবহুল, প্রচণ্ড ক্ষয় ও ক্ষতিতে ভরা। ক্যাম্পবাসীদের সংগ্রাম একদিকে ভয়-শংকাহীন দৃপ্ত অভিযানের প্রতীক এবং অন্যদিকে মর্মান্তিক দুঃখ ও বেদনায় আবৃত। জয় ও পরাজয়ের বন্ধুর পথ অতিক্রম করে তাদের চলতে হ'য়েছে।

সবচেয়ে দুস্থ ও দুর্গত শরণার্থীরাই আশ্রয় নিয়েছিলেন সরকারী সাময়িক আশ্রয় শিবিরগুলিতে। একেবারে নিঃস্ব, রিক্ত মানুষগুলির সামনে এ ভিন্ন অন্য কোন পথ খোলা ছিল না। ১৯৫৪ সাল পর্যন্ত ক্যাম্পবাসী উদ্বাস্তুদের সংখ্যা দাঁড়িয়েছিল ৫,৫৭,৫৪৪। তারপর খুব বেশী মানুষ আশ্রয় শিবিরে আর স্থান পাননি। '৫৮ সালের পরে

আদৌ ক্যাম্পে প্রবেশের সুযোগ দেওয়া হয়নি। ৬৪-৬৫ সালে পাক-ভারত যুদ্ধের ফলে যারা পূর্ব-বাংলা ত্যাগ করে আসতে বাধ্য হন তাদের মধ্যে প্রায় ৬ লক্ষ শরণার্থীকে সীমান্ত ষ্টেশন থেকে ট্রেনের কামরায় ভর্তি করে সোজা দণ্ডকারণ্যে পাঠিয়ে দেওয়া হয়। আর যে সব উদ্বাস্তু পশ্চিমবংগে প্রবেশ করেন তাদের সম্পর্কে কেন্দ্রীয় ও রাজ্য-সরকার কোন দায়িত্ব গ্রহণ করেননি। পরিত্যক্ত অবস্থায় পশ্চিমবংগেই তারা দুঃখের জীবন কাটাতে বাধ্য হচ্ছেন।

আশ্রয়-শিবিরগুলি ছিল রাজ্যের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে। কিন্তু কতকগুলি বড় বড় ক্যাম্প ছিল। সেগুলির মধ্যে নদীয়া জিলার কুপার্স ও ধুবুলিয়া, বর্ধমানের পাল্লা, মহেশডাংগা প্রভৃতি ক্যাম্পগুলি পুনর্বাসন আন্দোলনের ক্ষেত্রে বিশেষ উল্লেখযোগ্য স্থান অধিকার করেছিল। পুনর্বাসন-কেন্দ্রে না-পাঠানো 'পর্যন্ত শরণার্থীগণকে যে ক্যাম্পে রাখা হ'ত সেগুলির নাম ছিল "ট্রান্‌জিট" ক্যাম্প। এভিন্ন আরও তিন ধরণের আশ্রয় শিবির ছিল—পি, এল ক্যাম্প, উইমেন্‌স্‌ ক্যাম্প ও ওয়ার্ক-সাইট ক্যাম্প। অক্ষম ও পংগু ব্যক্তিদের জন্য স্থায়ী আশ্রয় শিবিরগুলিকে "পার্মানেণ্ট লায়াবিলিটি" সংক্ষেপে পি, এল অর্থাৎ স্থায়ী দায়-সম্পন্ন শিবির আখ্যা দেওয়া হয়। মেদিনীপুরের দুধকুণ্ডী, হুগলীর বাঁশবেড়িয়া, নদীয়ার চাঁদমারী, কুপার্সের একাংশ, চামতা ও ধুবুলিয়া, চব্বিশ পরগণার হাবড়া-অশোক নগর, টিটাগড় প্রভৃতি এলাকায় এই ধরণের শিবিরগুলি অবস্থিত ছিল এবং এখনও অনেকগুলি এই জাতীয় ক্যাম্পের অস্তিত্ব আছে। "উইমেন্স ক্যাম্প" বা "মহিলা শিবিরে" অনাথ, বিধবা ও অভিভাবকহীন মেয়েদের আশ্রয়স্থান ছিল। হুগলীর, ভদ্রকালী, বাঁশ-বেড়িয়া, রাণাঘাটের মহিলা শিবির, রূপশ্রী পল্লী, টিটাগড়ের 'মহিলা শিবিরের' নাম এই সূত্রে উল্লেখযোগ্য। "রূপশ্রী" ব্যতীত অন্য সব কটি মহিলা শিবিরের অধিবাসীদের অনেকে পরবর্তীকালে বয়স্ক ছেলে-মেয়েদের নিয়ে পুনর্বাসন নিয়েছিল। অনেকে এখনও পুনর্বাসনের দিন গুনছেন। "ওয়ার্ক-সাইট"-ক্যাম্পগুলি ১৯৫১ সালে গঠিত হয়।

পুনর্বাসনের উদ্দেশ্যে সংগৃহীত জমি উন্নয়নের কাজের উদ্দেশ্যে বড় বড় ক্যাম্পগুলি থেকে উদ্বাস্তুদের বিভিন্ন এলাকায় দল বেঁধে তাঁবুর মধ্যে রাখা হত। কাজের বিনিময়ে তারা পারিশ্রমিক পেতেন। জমির উন্নয়ন হবার পর সেখানে পুনর্বাসনের ব্যবস্থা হবে এটাই ছিল সরকারী লক্ষ্য। সারা রাজ্যে প্রায় ৩২টি এই জাতীয় ক্যাম্প স্থাপন করা হয়। কিন্তু বহুক্ষেত্রেই কাজ হবার পর তৈরী জমিতে উদ্বাস্তুরা স্থান পাননি। এই প্রসংগে বাগজোলা, সোনারপুর-আরপাঁচ স্কীমের সংগে যুক্ত উদ্বাস্তুদের দুর্ভাগ্য বিশেষভাবে উল্লেখযোগ্য। স্থানীয় কায়েমী স্বার্থের বিপুল বিরোধিতার ফলে উদ্বাস্তুদের শ্রমে উন্নত জমিতে উদ্বাস্তুরা দখল পাননি।

আশ্রয় শিবির-বাসী উদ্বাস্তুগণের সংগ্রামকে দুটি ভাগে বিবেচনা করাই সংগত হবে। প্রথম বিষয়টি তাদের প্রাত্যহিক জীবনযাত্রার অবস্থা কেন্দ্রিক। সব ক্যাম্পের জীবনই ছিল নারকীয়। এখনও পি, এল ক্যাম্পগুলিতে তার চিহ্ন খুঁজে পাওয়া যাবে। অতি সঙ্কীর্ণ স্থানের মধ্যে গাদাগাদি ক'রে বহু পরিবারকে একসংগে রাখার ব্যবস্থা ছিল। কোন আব্রু ছিল না—এমন কি হাত-পা ছড়িয়ে শোবার মত যথেষ্ট জায়গাও পাওয়া যেতো না। ছিল চরম অস্বাস্থ্যকর পরিবেশ। নামমাত্র চিকিৎসাকেন্দ্রে ছিল না যথেষ্ট ঔষধ বা চিকিৎসক। শিশু-মৃত্যু ছিল নিত্যকার ঘটনা। বড় বড় ক্যাম্পগুলিতে বিশ পঁচিশ হাজার মানুষের বাস ছিল। ডোল ও ক্যাশডোল সময়মত পাওয়া যেতোনা—অথচ উদ্বাস্তু পরিবারগুলি ছিল এরই উপর নির্ভরশীল। শীতের কম্বল জুটতো গরমকালে। এই অব্যবস্থার বিরুদ্ধে উদ্বাস্তুদের বিদ্রোহ প্রায় সব আশ্রয় শিবিরেই অহরহ দেখা দিত। প্রতিকারের উদ্দেশ্যে স্বতস্ফূর্তভাবে সংগঠিত শরণার্থীগণ পঞ্চাশের দশকের গোড়ার দিকে রেল-অবরোধ, সড়ক অবরোধ এবং সরকারী পুনর্বাসন দপ্তরে বড় বড় মিছিল পরিচালনা করতেন। আন্দোলনের ফলে সাময়িক উন্নতি ঘটতো। যতদিন ক্যাম্পগুলিতে জনসংখ্যাধিক্য ছিল ততদিন এই ধরণের আশু দাবীর ভিত্তিতে প্রতিনিয়ত সংগ্রাম চলেছে।

কিন্তু কিছুদিন পরেই স্থায়ী পুনর্বাসনের দাবী পুরোভাগে আসে। পূর্ব-পরিকল্পনা অভাবে নতুন পুনর্বাসন কেন্দ্রগুলি গড়ে উঠছিল না। প্রথমদিকে পুনর্বাসনের দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ ক'রতে চাননি। ফলে জমি সংগ্রহের ভাবনা-চিন্তার প্রশ্নই ওঠেনি। চিরস্থায়ী জমিদারী ব্যবস্থার মধ্যে দাঁড়িয়ে পতিত, অনাবাদী, জলাবদ্ধ জমি অধিগ্রহণও যে করা যায় না শুধু এই বিষয়টি বুঝতে সরকারের পক্ষে অনেকদিন লেগেছিল। ১৯৪৮ সালের ল্যান্ড ডেভলপমেন্ট ও প্ল্যানিং এক্ট জমি অধিগ্রহণের কাজে বেশীদূর সাহায্য ক'রতে পারেনি। ক্ষতিপূরণের বিরুদ্ধে জমির মালিকেরা কোর্টের আশ্রয় নিয়ে জমি-অধিগ্রহণের কাজ স্তব্ধ করে দেয়। ক্যাম্প থেকে পুনর্বাসন কেন্দ্রে পাঠাবার সব পরিকল্পনাই ভেস্তে যায়। অথচ ১৯৫০ সাল থেকেই সম্মিলিত কেন্দ্রীয় বাস্তুহারা পরিষদ সার্থক পুনর্বাসন পরিকল্পনার ভিত্তি হিসাবে "জমিদারী প্রথা উচ্ছেদের" প্রশ্নটি ক্রমাগত উত্থাপন ক'রেছেন। কংগ্রেস গভর্ণমেণ্ট এদিকে কর্ণপাত করার প্রয়োজন বোধ করেননি—কারণ পুনর্বাসন তাঁদের লক্ষ্য ছিল না। দ্রুত ক্যাম্পগুলির অবসান চাই। এগুলি তখন সরকারের কাছে "ক্যান্সার স্পট" হ'য়ে উঠেছে। অনবরত মিছিল, ঘেরাও ও অবরোধ সৃষ্টির কেন্দ্রে পরিণত হ'য়েছে। গভর্ণমেণ্ট জমির মূল্য বৃদ্ধি করে বিঘাপ্রতি ১৫০ টাকার পরিবর্তে ৩০০ টাকা ধার্য করেন। এই পথেও বেশীদূর অগ্রগতি সম্ভব হয়নি। ইউ, সি, আর, সি, প্রস্তাব দেয় যে অব্যবহার্য, অনাবাদী, পতিত ও জলাবদ্ধ জমি সংগ্রহ করা হোক এবং সেই জমির উন্নয়নের জন্য ওয়ার্ক-সাইট ক্যাম্প স্থাপনার ব্যবস্থা করা হোক। নিজস্ব পুনর্বাসনের জমি উদ্বাস্তুরা নিজেরাই চাষ ও বাসযোগ্য করে নেবে উপযুক্ত মজুরীর ভিত্তিতে। সরকার-পক্ষ থেকে প্রস্তাবটি গ্রহণযোগ্য মনে হয়। পশ্চিমবাংলার বহু জিলায় ওয়ার্কসাইট ক্যাম্প স্থাপিত হয়। অধিকাংশ ওয়ার্কসাইট ক্যাম্পের উদ্দেশ্য কিন্তু ব্যর্থতায় পর্যবসিত হয়—জমিদারী প্রথার দৌলতে। উন্নয়নের পর জমিদার জোতদারেরা উন্নত জমির উপর ঝাঁপিয়ে পড়ে। বাগজোলায় কৃষ্ণপুরে খাল কেটে প্রায় ১০ হাজার একর

জমির জল নিষ্কাশন করা হয়। জোতদারের পক্ষ থেকে বাধা দেওয়া হয় জমির দখল নিতে। তারা গুলি চালায়। দু'জন উদ্বাস্তু কৃষকের মৃত্যু হয়। বিশ হাজার উদ্বাস্তুর কঠোর শ্রম নিষ্ফল হ'য়ে যায়। ক্যাম্পেই থাকতে হয়। সোনারপুর আরপাঁচ স্কীমের ইতিহাসও প্রায় অনুরূপ।

জমিদারী প্রথার অবসান করা হ'চ্ছে না। পুনর্বাসনের জন্য জমি মিলছে না। অথচ ক্যাম্পের অবলুপ্তি চাই। গভর্ণমেণ্ট পশ্চিমবাংলার বাইরে উদ্বাস্তুদের পাঠাতে সুরু করেন। উড়িষ্যায় প্রেরিত হয় ৫০ হাজার শরণার্থী এবং বিহারে যায় ২৫ হাজার। কেন্দ্রের নিকট থেকে অর্থ প্রাপ্তির প্রেরণায় ঐ দুই রাজ্যের গভর্ণমেণ্ট এই সমস্ত পরিবারদের পুনর্বাসন দায়িত্ব গ্রহণ করেন। কিন্তু কিছুদিন বাদেই ৫৪-৫৫ সাল নাগাদ অধিকাংশ উদ্বাস্তু এই রাজ্য দুটি থেকে পশ্চিমবাংলায় ফিরে আসতে বাধ্য হন। কারণ পুনর্বাসনের উপযোগী সুযোগ সেখানে মেলে নি। পশ্চিমবঙ্গেই এই কেন্দ্রত্যাগী উদ্বাস্তুদের ব্যবস্থা পত্তনের জন্য সংগ্রাম সুরু হয়। হোড়োভাংগা, লস্করপুর কৃষিকলোনী সেই সংগ্রামের সাফল্যের একটি নিদর্শন।

বাংলার বাইরে যাদের তখন পাঠানো হ'য়েছিল তাদের মধ্যে যারা আন্দামান ও নৈনীতালে প্রেরিত হন তাদের পুনর্বাসন সাফল্যলাভ করে। অন্য সব জায়গাতে এই প্রচেষ্টা ব্যর্থ হয়।

ইউ. সি আর. সি. এই সময় আর একটি প্রস্তাব দেন। সরকার জমি অধিগ্রহণে ব্যর্থকাম। জমিদারী প্রথা উচ্ছেদ করা যাচ্ছে না। ক্যাম্পের নরকজীবন থেকে মুক্তি চাই। সুতরাং উদ্বাস্তুদের স্বাধীনভাবে জমি সংগ্রহের সুযোগ দেওয়া হোক। এর ফলেই এল. পি. বা "বায়নানামা স্কীমের জন্ম হয়। এই পরিকল্পনার সুযোগ নিয়ে প্রায় ৩৬,০০০ পরিবার ক্যাম্পজীবন থেকে মুক্তি লাভ করেন। ১৯৫৩ সালে "জমিদারী প্রথা বিলোপ আইন" পাশ হয়। কিন্তু তাকে দ্রুত কার্যকরী করতে সরকার এগিয়ে আসেনি। অথচ '৫৫ সালেই সুরু হোল এই সুর যে

যে পশ্চিমবংগে উদ্বাস্তু পুনর্বাসন দেবার মত জমি নেই! ইউ সি. আর. সি.-র পক্ষ থেকে ক্যাম্পবাসী সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য সরকারের হাতে "পুনর্বাসনের একটি বিকল্প পরিকল্পনা" উপস্থিত করা হয়। এই পরিকল্পনায় পশ্চিমবংগের কোথায় কী পরিমাণ পতিত ও চাষের অযোগ্য জমি আছে সেই সম্পর্কে বিস্তৃত তথ্য পেশ করা হয় এবং সম্ভাব্য শিল্প সম্পর্কেও পরিকল্পনা থাকে। এই বিকল্প পরিকল্পনাকে গভর্ণমেণ্ট খণ্ডন করতে পারেন নি। তথাপি পশ্চিমবঙ্গে স্থান সংকুলান হ'চ্ছে না এই আর্তচীৎকার সুরু করা হল। এর পরই চাপিয়ে দেওয়া হয় দণ্ডকারণ্য পরিকল্পনা।

সরকারী বিবৃতির পর সংবাদপত্রগুলিতে "নয়া-বাংলা'' পত্তনের মোহিনী চিত্র প্রতিনিয়ত প্রচারিত হ'তে থাকে দণ্ডকারণ্য সম্পর্কে। পশ্চিমবংগের সাধারণ মানুষ এমন কি তথাকথিত প্রগতিশীলদের একাংশও এই প্রচারে বিমুগ্ধ হ'য়ে পড়েন। এই অবস্থার পটভূমিকায় সরকারী হুকুম জারী হয় ক্যাম্পবাসী শরণার্থীদের প্রতি—দণ্ডকারণ্যে যেতে হবে, নইলে ক্যাম্প বন্ধ করে দেওয়া হবে। ইউ সি. আর. সি. থেকে আবেদন জানিয়ে বলা হয় "আমরা দণ্ডকারণ্যের বিরোধী নই। কিন্তু যে পরিমাণ অর্থব্যয়ে দণ্ডকারণ্যে পুনর্বাসন পরিকল্পনা রচিত হবে বলা হ'চ্ছে, তার এক তৃতীয়াংশ অর্থব্যয়ে ক্যাম্পবাসী সমস্ত পরিবারকে পশ্চিমবংগের মধ্যে সুন্দরভাবে পুনর্বাসনের ব্যবস্থা করা সম্ভব। এই কাজের মধ্য দিয়ে পশ্চিমবঙ্গের সামগ্রিক অর্থনৈতিক অবস্থাও প্রভূত পরিমাণে লাভবান হবে।'' কিন্তু সে কথায় কেউ কান দেয় নি। পরে ইউ. সি. আর. সি আবার ব'ললেন, "আগে পরিকল্পনাগুলি আমরা সরেজমিনে দেখে আসি। যোগ্য বিবেচনা ক'রলে উদ্বাস্তুদের সম্মত ক'রে আমরাই তাদের নিয়ে যাবো।'' কিন্তু এ প্রস্তাবেও কংগ্রেস গভর্ণমেণ্ট রাজী হলেন না।

সুরু হয় উদ্বাস্তুদের প্রতি প্রচণ্ড আক্রমণ। জোর করে ভয় দেখিয়ে ক্যাম্পগুলি থেকে শরণার্থীদের দণ্ডকে নিয়ে যাবার কাজ আরম্ভ হয়। এবার

উদ্বাস্তুরা রুখে দাঁড়ান সরকারী আক্রমণের বিরুদ্ধে। সুদূর পাল্লা, মহেশডাংগা, বাঁকুড়া, হুগলী এবং নদীয়ার ক্যাম্পগুলি থেকে হাজার হাজার উদ্বাস্তু কলকাতা শহরে সমবেত হ'তে থাকেন। জেলায় জেলায় সত্যাগ্রহ সুরু হয়। ইউ সি আর সি-র প্রায় সমস্ত নেতৃস্থানীয়দের গ্রেপ্তার করা হয়। ক্যাম্পগুলিতে ডোল বন্ধ হ'য়ে যায়। তিনমাস এই সংগ্রাম চলে। কাউকেও ভয় দেখিয়ে জোর করে দণ্ডকে নেওয়া যাচ্ছে না দেখে গভর্ণমেণ্ট একটি আপোষে সম্মত হন। আপোষের শর্ত ছিল—জোর ক'রে কাউকে নেওয়া হবে না—স্বেচ্ছায় যারা যেতে রাজী কেবল তাদেরই নিয়ে যাওয়া হবে। সংগ্রাম প্রত্যাহৃত হয়। কিন্তু কয়েকমাস বাদেই জানান হোল যারা দণ্ডকে যায়নি তাদের ছয় মাসের ডোল দিয়ে ক্যাম্প চিরতরে বন্ধ ক'রে দেওয়া হবে। উদ্বাস্তুরা এই ভিক্ষাকে প্রত্যাখ্যান করেন। যারা দণ্ডকে যায়নি ক্যাম্পের মধ্যেই তারা থেকে গেলেন—ছিলনা সরকারী সাহায্য এবং ভবিষ্যতে পুনর্বাসনের কোন আশা-ভরসা। এই সমস্ত উদ্বাস্তুদের পরবর্তী কালে বলা হয়েছে "এক্স ক্যাম্প সাইট" উদ্বাস্তু।

১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকারের আমলে "এক্স—ক্যাম্প সাইট" উদ্বাস্তুদের পুনর্বাসনের দাবী পুনরায় স্বীকৃত হয় এবং বর্তমানে এদের পুনর্বাসনের কাজ প্রায় সমাধান হ'য়ে এসেছে।

দণ্ডকারণ্যে যারা গিয়েছিলেন তাদের অধিকাংশেরই পুনর্বাসন হয় নি। দীর্ঘদিন মানা, রায়পুর, মালকানগিরি, উমরকোট প্রভৃতি ক্যাম্পে বাস ক'রতে হ'য়েছে—অসীম নির্যাতন ও লাঞ্ছনা সহ্য করে। যারা তথাকথিত পুনর্বাসন কেন্দ্রগুলিতে প্রেরিত হ'য়েছিলেন, জলের অভাবে তাদের জমি অধিকাংশ ক্ষেত্রেই চাষযোগ্য ছিল না। শিল্প বা কলকারখানার তো কোন প্রশ্নই ওঠে না। পাথর ভেঙ্গে হাজার হাজার মাইল রাস্তা তৈরী ক'রেছেন। রাস্তা তৈরীর কাজ শেষ হবার পর কাজের সুযোগ থাকে না। রুক্ষ, অনুর্বর পাথুরে শুক্নো জমিতে ফসলও হয় না। পশ্চিমবঙ্গে বামফ্রণ্ট সরকার প্রতিষ্ঠার পর অধিকাংশই পাগলের

মত ছুটে এসেছিলেন পশ্চিমবাংলার মাটিতে আশ্রয়ের আশায়। তাদের এই আশা পূরণ হয়নি। ফিরে গিয়েছেন আবার সেই দণ্ডকারণ্যে। কিন্তু সত্যই কি তাদের সবাই ফিরে গিয়েছেন? বাগজোলা খালের পাড়ে আত্মীয় স্বজনদের মধ্যে, সুন্দরবনে, হাবড়ার বাজারে রাস্তার পাশে রেল লাইনের ধারে ঝুপড়ির মধ্যে তাদের অনেককেই তো দেখা যায়। যারা ফিরে গিয়েছিলেন মুখ্যমন্ত্রী শ্রীজ্যোতি বসুর হস্তক্ষেপের ফলে তাঁরা আর এক প্রস্থ পুনর্বাসন সাহায্য পেয়েছিলেন। দণ্ড কারণ্যের ঘটনা একটি মর্মান্তিক কাহিনী।

অন্যান্য উদ্বাস্তুদের ভূমিকা

পঞ্চাশের দশকের গোড়া থেকে শেষ পর্যন্ত ক্যাম্পের অধিবাসী শরণার্থীগণ এখানকার জনজীবনে প্রচণ্ড আলোড়ন সৃষ্টি ক'রেছিলেন। তাঁদের আন্দোলন ছিল বিক্ষোভের বিস্ফোরণ। অন্যদিকে জমি দখল-কারীদের সংগ্রাম ছিল সৃজনীশক্তি সম্পন্ন, গঠনমূলক এবং সৃষ্টি রক্ষার প্রয়াসী। পুনর্বাসন কলোনীর উদ্বাস্তুগণ প্রতিবাদী ও পুনর্গঠনের লড়াই করেছেন। এই তিন শক্তির মিলিত অভিযান পঞ্চাশের দশকে পশ্চিমবাংলার সমাজ জীবনকে অভিভূত করে রেখেছিল।

কিন্তু এঁরা ছাড়াও শরণার্থীদের একটি বিরাট অংশ পুনর্বাসনের প্রচেষ্টায় রতী ছিলেন। এদের মধ্যে মুসলীম পরিত্যক্ত বস্তীগুলিতে আশ্রয় প্রার্থীদের প্রসংগ বিশেষভাবে উল্লেখযোগ্য। কিছু কিছু বিত্তশালী উদ্বাস্তু বস্তীগুলির মালিকানা সংগ্রহ করে অন্য উদ্বাস্তুদের উচ্ছেদের চেষ্টা ক'রতেন। মাণিকতলা, বাগমারী, উল্টোডাঙ্গা, কাশীপুর, বেলগাছিয়া, আলমবাজার, হাওড়া প্রভৃতি এলাকায় উচ্ছেদ প্রতিরোধের সংঘর্ষ প্রায়শই দেখা দিত। বস্তীর সংগঠনগুলি একদিকে যেমন উচ্ছেদ প্রতিরোধ করতে সদা সচেষ্ট ছিলেন, অন্যদিকে তেমনি বিকল্প ব্যবস্থার দাবীতে সরকারী দপ্তরগুলিতেও ধরণা দিতেন। ১৯৫১ সালের "পুনর্বাসন ও উচ্ছেদ" আইনের বলে প্রতিষ্ঠিত "কম্পিটেন্ট অথরিটির কোর্টে কিছুটা সুরাহা হ'লেও স্থায়ী পুনর্বাসনের সমস্যা মেটেনি।

ফলে সামগ্রিক পুনর্বাসনের আন্দোলনে বিপুল সংখ্যায় বস্তীবাসী উদ্বাস্তুগণ নিয়মিত অংশ গ্রহণ ক'রতেন।

সরকারী ট্রানজিট ক্যাম্প বাদে অন্যান্য পরিত্যক্ত সামরিক শিবিরে আশ্রয় প্রার্থী উদ্বাস্তুগণও পুনর্বাসনের দাবীতে বৃহত্তর আন্দোলনের নিয়মিত বাহিনী হিসাবে কাজ করেছেন। এই সমস্ত আন্দোলনের চাপে গভর্ণমেণ্ট এদের জন্য কিছু বিকল্প বাসস্থান ও গৃহনির্মাণে সাহায্য দিতে বাধ্য হন।

বস্তীবাসী ও পরিত্যক্ত শিবিরবাসী শরণার্থীদের একটি বড় অংশের পুনর্বাসন সমস্যা আজও মেটেনি। সাম্প্রতিককালের জমি দখলের ক্ষেত্রে তাদের উদ্যোগ লক্ষণীয়।

উদ্বাস্তুদের মধ্যে একটি বিরাট অংশ সরকারের মুখাপেক্ষী না থেকে নিজেদের বন্দোবস্ত নিজেরাই ক'রে নিয়েছেন। ব্যক্তিগত সম্পত্তি বিনিময় এবং পুরো গ্রামকে গ্রাম বিনিময়ের ঘটনা বিরল নয়। দেখা গিয়েছে পাবনার একটি হিন্দু প্রধান গ্রামের সমস্ত হিন্দু পরিবার বনগ্রামের একটি মুসলীম প্রধান গ্রামের সঙ্গে বিনিময় ভিত্তিতে নিজেদের পুনর্বাসনের সমস্যা মিটিয়ে নিয়েছেন। এই ধরণের বহু বিনিময় সম্পর্কে আমাদের পরিচয় ঘটেছে। অনেকে নিজেদের সামর্থ্য দিয়ে জমি কিনে নিয়েছে। ঘর বাড়ী তৈরী ক'রে নিজ নিজ আশ্রয় ও জীবিকার সংস্থান গড়ে তুলেছে। শরণার্থীদের এই অংশ প্রত্যক্ষভাবে পুনর্বাসন আন্দোলনে যোগ দিতে এগিয়ে আসেন নি একথা সত্য হ'লেও পুনর্বাসন সংগ্রামে তাদের নৈতিক সাহায্য ও সহানুভূতির অভাব ঘটে নি।

উন্নয়ন প্রসংগ

সরকারী বা বেসরকারী কলোনীগুলির অধিকাংশই অত্যন্ত নীচু, জলেডোবা বা অব্যবহার্য পরিত্যক্ত জমির উপর স্থাপিত। জনপদের উপযোগী নয়। চাষীদের চাষের জমিগুলিও চাষের উপযোগী নয়। জমিদারী ব্যবস্থা বজায় থাকার প্রথম আমলে ভাল জমি সংগ্রহ মুস্কিল ছিল। জবরদখলের ক্ষেত্রে জমির অবস্থা বিচার করে জমি দখল সম্ভব

ছিল না। সরকারী কলোনীগুলির ব্যর্থতা প্রধানত সংগৃহীত জমির জন্যই ঘটেছে। উন্নয়ন ব্যবস্থা ছিল সাফল্যের প্রাথমিক শর্ত। সেই ব্যবস্থা অধিকাংশ ক্ষেত্রেই গৃহীত হয়নি।

১৯৫২ সালে কেন্দ্রীয় সরকার নিয়োজিত "ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি'র কাছে ইউ, সি, আর, সি-র পক্ষ থেকে প্রদত্ত স্মারকলিপিতে উন্নয়নের গুরুত্ব তুলে ধরা হয়। অবশ্য পুনর্বাসন কলোনীর প্রশ্নই তখন পুরো-ভাগে আসে। কারণ জবর-দখল উপনিবেশের অস্তিত্ব নিয়েই সে সময় লড়াই চলছিলো। ১৯৫৪ সালে "মন্ত্রী কমিটি" উন্নয়নের প্রশ্নকে যথেষ্ট গুরুত্ব দেন এবং উন্নয়ন ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করেন।

১৯৫৭ সালে রাজ্য সরকার একটি উন্নয়ন কমিটি গঠন করেন ও ২৫৯টি কলোনী উন্নয়নের কাজ সুরু হয় ১৯৫৭ সাল থেকে। জবর-দখল কলোনীগুলিও উন্নয়ন তালিকায় স্থান লাভ করে। তখন উন্নয়ন বাবদ বরাদ্দ ধার্য ছিল আর্বান কলোনীর ক্ষেত্রে প্লট প্রতি ১৬০০ টাকা এবং গ্রামীণ কলোনীতে ৬০০ টাকা। ৪র্থ পঞ্চ বার্ষিকী পরি-কল্পনার শেষ অবধি ৫.৭০ কোটি টাকা উন্নয়ন খাতে ব্যয় হয় এবং ১৯৭৩ সাল পর্যন্ত সর্বমোট ১০২টি সরকারী ও নয়টি জবর-দখল কলোনীর উন্নয়ন হয়েছিল। একেই বলা হয় উন্নয়নের প্রথম পর্যায়। উন্নয়ন কাজের দায়িত্বভার ছিল—কনষ্ট্রাকশন বোর্ড, পাবলিক হেলথ্ ইঞ্জিনীয়ারিং এবং পি, ডব্লিউ ডি দপ্তরের উপর। পরবর্তীকালে তথা-কথিত "উন্নত" কলোনীগুলিতে উন্নয়নের কোন চিহ্নই খুঁজে পাওয়া দুষ্কর হ'য়ে উঠেছিল। ১৯৭৮ সালে বামফ্রণ্ট মন্ত্রীসভার আমলে যে "ডেভলপ্‌মেণ্ট কমিটি" গঠিত হয় তাদের রিপোর্টে এই হতাশাব্যঞ্জক চিত্র পাওয়া যায়।

১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট উন্নয়ন খাতে ১৭৯ কোটি টাকা কেন্দ্রের কাছে দাবী করেন। কিন্তু আশ্চর্যের বিষয় ১৯৬৮ সালে ইউ, সি, আর. সি রাজ্য-পালের কাছে যে স্মারকলিপি পেশ করেন তার

মধ্যে উন্নয়ন সংক্রান্ত প্রসংগটির কোন উল্লেখ নেই। সম্ভবত তখন উন্নয়নের প্রশ্নটি ইউ, সি, আর, সির চিন্তার পুরোভাগে উঠে আসেনি।

এদিকে উদ্বাস্তুগণ কংগ্রেস বিরোধী হ'য়ে যাচ্ছে এই আতংকে শ্রী সিদ্ধার্থ রায়, কংগ্রেস সরকারের ১৯৬১ সালের সিদ্ধান্ত পরিবর্তনের উদ্যোগ গ্রহণ করেন। তাঁর আমলে রচিত পুনর্বাসন পরিকল্পনায় পশ্চিমবংগে উদ্বাস্তু সমস্যার অস্তিত্ব স্বীকৃত হয়। এই পরিকল্পনায় উন্নয়ন খাতে কেন্দ্রের কাছে ৩১ কোটি টাকা মঞ্জুরীর দাবী পেশ করা হয়। কিন্তু কেন্দ্রীয় সরকার মাত্র ৮ কোটি টাকার আশ্বাস দেন। ৭৩ সালের ৩১শে মার্চের মধ্যে এই বরাদ্দ থেকে মাত্র ১·৭৩ কোটি টাকা ব্যয় হয়।

১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকারের এবং উদ্বাস্তু আন্দোলনের চাপে কেন্দ্রীয় সরকার অনেকগুলি "রিভিউ" কমিটি নিয়োগ করেন এবং এই কমিটিগুলি ক্যাম্প, সরকারী কলোনী, জবরদখল কলোনী, এক্স-ক্যাম্পসাইট, হেড়োভাংগা স্কীম ইত্যাদি বিভিন্ন অংশের উদ্বাস্তুদের অবস্থা সম্পর্কে তথ্য অনুসন্ধান করে। এদের সংগৃহীত তথ্য ও সুপারিশগুলির পর্যালোচনা ও বকেয়া কাজ পরিসমাপ্তির উদ্দেশ্যে পরিকল্পনা প্রস্তুতির জন্য একটি কমিটি গঠিত হয় ১৯৭৫ সালে। এই কমিটির নাম ছিল "ওয়ার্কিং গ্রুপ"। ১৯৭৬ সালে "ওয়াকিং গ্রুপ" তাদের সুপারিশ পেশ করে। বর্তমান পর্যায়ে যে উন্নয়নের কাজ সুরু হ'তে যাচ্ছে তার মূল ভিত্তি এই "ওয়ার্কিং গ্রুপের" রিপোর্ট। এদের রিপোর্টেই ১৭৫টি—জবর-দখল কলোনীকে স্বীকৃতি দেওয়া আছে। কিন্তু সরকারী বা জবর-দখল কলোনীসমূহের প্লট সংখ্যার যে বিবরণ এতে আছে তা এদের কে বা কারা সরবরাহ করেছিল জানিনা—তবে প্রদত্ত প্লটসংখ্যা অত্যন্ত কম করে দেখানো আছে। অথচ এই ভিত্তিতেই উন্নয়ন বাবদ অর্থ মঞ্জুরী করা হ'য়ে থাকে। কেন্দ্রীয় সরকার এই রিপোর্টকেই এখন "বেদ" শাস্ত্রের মর্যাদা দিচ্ছেন।

ওয়ার্কিং গ্রুপের রিপোর্ট উন্নয়ন বাবদ মোট ৫২'০৩ কোটি টাকা

বরাদ্দের সুপারিশ করেন। গ্রামীণ ও আরবান সমস্ত ধরণের কলোনীকেই উন্নয়ন কর্মসূচীর অন্তর্ভূক্ত করা হয়। প্লট পিছু বরাদ্দ ছিল—

(১) সি, এম, ডি এলাকার আরবান কলোনীর জন্য ৪৫৬০্

(২) সি, এম, ডি বহির্ভূত এলাকার আরবান কলোনীর জন্য ২৭০০্

(৩) সি, এম, ডি, এলাকার গ্রামীণ কলোনীর জন্য—২৬০০্ এবং

(৪) গ্রামীণ্ কলোনীগুলির জন্য ১৭০০্ টাকা।

কিন্তু পঞ্চম প্ল্যানিং কমিশন এই বরাদ্দ মেনে নেয় নি। তারা গ্রামীন কলোনীগুলির টাকা মঞ্জুর করতে রাজী হয় নি। দ্বিতীয়ত প্লট পিছু বরাদ্দ কমিয়ে (১) সি এম. ডি. এ. আর্বানের জন্য ২৫০০ টাকা (২) সি. এম. ডি. এ. গ্রামীন ও সি. এম. ডি. এ. বহির্ভূত আরবান কলোনীকে ১৭০০ টাকা দেবার সিদ্ধান্ত নেন। পঞ্চম প্ল্যানিং কমিশন আর একটি নতুন সুর তুললেন। তাদের মতে উদ্বাস্তুরা এখন সামাজিক জীবনের মূল স্রোতের সঙ্গে মিশে যাচ্ছে—অতএব স্বতন্ত্রভাবে উন্নয়নের প্রয়োজনীয়তা ফুরিয়ে আসছে। উন্নয়ন খাতে বরাদ্দ কমালেও অবশ্য কথা ছিল মূল্য বৃদ্ধির সঙ্গে তাল রেখে শতকরা ১০% হারে টাকার অঙ্ক বাড়াবার কথা বিবেচনা করা হবে।

১৯৭৭ সালের আগে নতুনভাবে দ্বিতীয় পর্যায়ের কাজ প্রকৃত পক্ষে সুরু হয়নি। দ্বিতীয় পর্যায়ে উন্নয়নের কাজে ষষ্ঠ পঞ্চ বার্ষিকী পরিকল্পনা পর্যন্ত ১৪ কোটি টাকা ধার্য ছিল। কিন্তু ১৯৯৫ সাল পর্যন্ত রাজ্য সরকারকে দেওয়া হ'য়েছে প্রায় ১২.৫০ কোটি টাকা।

দ্বিতীয় পর্যায়ে উন্নয়নের কাজ হ'য়েছে প্রায় ১৬০টি কলোনীতে। কলোনীগুলি বাছাই করার ক্ষেত্রে লক্ষ্য রাখা হ'য়েছিল অপেক্ষাকৃত দুর্গতদের অগ্রাধিকার সম্পর্কে। অবশ্য এই পর্যায়ে সি. এম. ডি. এলাকা বহির্ভূত গ্রামীণ কলোনীগুলি সম্পূর্ণভাবে বাদ পড়ে। ১৪৯ গ্রুপ অর্থাৎ ১৯৫০ সালের মধ্যে যে জবর-দখল কলোনী প্রতিষ্ঠিত হ'য়েছে সেগুলি এবং সরকারী আরবান কলোনীগুলি উন্নয়নের আওতায় আসে। দক্ষিণ কলিকাতার টালীগঞ্জ, যাদবপুর প্রভৃতি অঞ্চলের কলোনীগুলিকে

